দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 8 ■ 21st February, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

SUCCESS RATE 94%
WBCS'24 (Mains) WBCS'25 (Prelims & Mains)
Class শুরু 1st March
ভর্তি চলছে




SSC-CGL | PSC-Clerkship
MISC. Combo | SI-Police
পরীক্ষা আসন্ন
প্রস্তুতি এবং প্রশিক্ষণের জন্য ভর্তি চলছে।
Great Basket Career
51, A.P.C. Road, Near Jagat Cinema, Sealdah, Beside : Milan Sangha Club, Kolkata- 700009
8902356967
9830200210

ক্লাস এইট পাশ, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও ডিপ্লোমা পাশ ছেলেমেয়েদের জন্য

# আর্মিতে কয়েক হাজার অগ্নিবীর, নার্সিং অ্যাসিস্ট্যান্ট

## সেনাবাহিনীতে অগ্নিবীর (জি.ডি, টেকনিক্যাল, ক্লার্ক, স্টোরকীপার)

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারতীয় স্থলবাহিনী 'অগ্নিপথ' স্কিমে 'অগ্নিবীর' পদে অগ্নিবীর (জেনারেল ডিউটি), অগ্নিবীর (টেকনিক্যাল), অগ্নিবীর (ক্লার্ক/স্টোরকীপার টেকনিক্যাল), অগ্নিবীর (ট্রেডসম্যান) পদে কয়েক হাজার ছেলে নেওয়ার জন্য অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। কলকাতা হেড কোয়ার্টার্স রিক্রুটিং অফিসের মাধ্যমে নেওয়া হবে কলকাতা, দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, এরপর ২ পাতায়

ICE Academy
WBCS 2025, SSC
Rail, Bank, WBPSC
নতুন ব্যাচ : 21, 25 Feb
মাসিক কিস্তির সুযোগ
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
7044517509

## সেনাবাহিনীতে নার্সিং অ্যাসিস্ট্যান্ট ও ফার্মাসিস্ট

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারতীয় স্থলবাহিনীর কলকাতা আর্মি রিক্রুটিং অফিসের ডিরেক্টর রিক্রুটিং 'কর্মসংস্থান'কে জানান, পশ্চিমবঙ্গের সব জেলা, সিকিম ও ওড়িশার সব প্রার্থীদের থেকে 'সোলজার টেকনিক্যাল নার্সিং অ্যাসিস্ট্যান্ট / নার্সিং অ্যাসিস্ট্যান্ট ভেটেরিনারি' ও 'সেপাই ফার্মা' পদে কয়েকশো ছেলে নেওয়ার জন্য অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। পশ্চিমবঙ্গের সব এরপর ৬ পাতায়

## সেনাবাহিনীতে মহিলা অগ্নিবীর

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারতীয় স্থলবাহিনী 'অগ্নিপথ' স্কিমে 'অগ্নিবীর জেনারেল ডিউটি (উইমেন)' পদে ৪ বছরের চুক্তিতে কয়েকশো মেয়ে নেওয়ার জন্য অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। পশ্চিমবঙ্গের সব জেলা, সিকিম ও ওড়িশার মহিলাদের প্রথমে অনলাইনে নাম নথিভুক্ত করতে হবে ১ এপ্রিলের মধ্যে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন পরীক্ষা হবে। তাতে সফল হলে র‍্যালি হবে। কারা কোন পদের জন্য যোগ্য: মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ মেয়েরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% (অতিরিক্ত বিষয় ছাড়া) এরপর ৭ পাতায়

কলকাতার ১১৫টি আইটি কোম্পানিতে

## ২২,৩৭১ AI বেসড ওয়েব ডিজাইনার ও গ্রাফিক্স ডিজাইনার

উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ের জন্য

তারক নাথ দাস, সল্টলেক : কলকাতার ১১৫টি আই টি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ১০,৩১২ 'AI বেসড ওয়েব ডিজাইনার' ও ১২,০৫৯ 'AI বেসড গ্রাফিক্স ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

পদ : AI বেসড গ্রাফিক্স ডিজাইনার।

যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের এরপর ১০ পাতায়

সরকারি চাকরির প্রস্তুতি, উচ্চশিক্ষা ও স্বনির্ভর হতে বেকার ছেলেমেয়েদের

## যুবসাথী প্রকল্পে মাসে ১,৫০০ টাকা ভাতা

ফর্ম দেওয়া ও জমা নেওয়ার শেষ তারিখ ২৬ ফেব্রুয়ারি

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে তৈরি এবারের বাজেটে ঘোষিত 'যুবসাথী' প্রকল্পের জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ১৫ ফেব্রুয়ারি থেকে। মাধ্যমিক পাশ বেকার ছেলেরা আবেদন করতে পারবেন। মেয়েরাও আবেদন করতে পারেন। তবে 'লক্ষ্মীর ভাণ্ডার' প্রকল্পের সুবিধা পেয়ে থাকলে এই ভাতা পাবেন না। বয়স হতে হবে ১-৪-২০২৬'এর হিসাবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। মাসে ১,৫০০ টাকা করে সর্বোচ্চ ৫ বছর পর্যন্ত এই ভাতা দেওয়া হবে। ১ এপ্রিল থেকে এই ভাতা পাবেন। সরাসরি প্রার্থীর আধার লিঙ্কযুক্ত ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা দেওয়া হবে (প্রার্থীর নামে সিঙ্গল ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকতে হবে, জয়েন্ট অ্যাকাউন্ট থাকলে হবে না)। বেকার ছেলেমেয়েদের সরকারি চাকরির প্রস্তুতি, উচ্চশিক্ষা কিংবা স্বনির্ভর হওয়ার উদ্দেশ্যে এই ভাতা রাজ্য সরকার চালু এরপর ৫ পাতায়

## এন.টি.পি.সি'তে ৫১৫ এক্সিকিউটিভ ট্রেনি

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন (এন.টি.পি.সি.) 'ইঞ্জিনিয়ারিং এক্সিকিউটিভ ট্রেনি' পদে ৫১৫ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব শাখায় : ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স / ইন্সট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স /ইনফর্মেশন টেকনোলজি। কারা কোন পদের জন্য যোগ্য :

ইলেক্ট্রিক্যাল / ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স / এরপর ৪ পাতায়

## প্রাইমারির কোচবিহার জেলার ইন্টারভিউ ২৪-২৭ ফেব্রুয়ারি

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : প্রাইমারি টিচার পদের চতুর্থ ফেজে বাংলা মাধ্যমের ইন্টারভিউ শুরু হচ্ছে ২৪ ফেব্রুয়ারি থেকে। চতুর্থ ফেজে কোচবিহার জেলার ইন্টারভিউ শুরু হবে ২৪ ফেব্রুয়ারি থেকে, চলবে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://www.wbbpeonline.com/dashboard

তৃতীয় ফেজে শিলিগুড়ি, হাওড়া, উত্তর দিনাজপুর জেলার ইন্টারভিউ হয়েছে ৯ থেকে ১৩ ফেব্রুয়ারি পর্যন্ত। পঞ্চম ফেজের ইন্টারভিউ এরপর ৬ পাতায়

## ইন্ডিয়ান অয়েলে ১২১ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা হলদিয়া : ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের হলদিয়া রিফাইনারি ডিভিশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস' ও 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস' হিসাবে ১২১ জন ছেলেমেয়ে নিচ্ছে।

কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -কেমিক্যাল : কেমিক্যাল, পেট্রোকেমিক্যাল, কেমিক্যাল টেকনোলজি, এরপর ৬ পাতায়

UPSC'র ইন্ডিয়ান ইকনমিক / স্ট্যাটিস্টিক্যাল সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে

## কেন্দ্রে ৪৪ স্ট্যাটিস্টিক্যাল অফিসার

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারের ইকনমিক সার্ভিস ও স্ট্যাটিস্টিক্যাল সার্ভিসেস'এ সেরা পদে চাকরির জন্য অফিসার হিসাবে ৪৪ জন লোক নেওয়া হচ্ছে।

ইকনমিক্স, অ্যাপ্লায়েড ইকনমিক্স, বিজনেস ইকনমিক্স ও ইকনমেট্রিক্স'এর পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা 'ইন্ডিয়ান ইকনমিক্স সার্ভিসেস'এর পরীক্ষার জন্য আবেদন করতে পারেন। শূন্যপদ : ১৬টি। স্ট্যাটিস্টিক্স, ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স বা, অ্যাপ্লায়েড স্ট্যাটিস্টিক্সের ডিগ্রি বা, পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ এরপর ১০ পাতায়

## বিমানবাহিনীতে অগ্নিবীর বায়ু

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : ভারতীয় বায়ুসেনা 'অগ্নিপথ' স্কিমে 'অগ্নিবীর বায়ু (নন-কম্ব্যাট্যান্ট)' পদে কয়েকশো জন ছেলেমেয়ে নিচ্ছে। নেওয়া হবে হসপিটালিটি ও হাউসকীপিং পদে। এই পদের ব্যাচ নম্বর : 02/2026. কারা কারা আবেদনের যোগ্য :

মাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২১ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০৫ থেকে ২-১-২০০৯'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫২ সেমি। বুকের ছাতি এরপর ১২ পাতায়

যুব সমাজের জন্য বড় সুযোগ

কনস্টেবল, এস.এস.সি-জি.ডি, আর্মি, অগ্নিবীর ও রেলে প্রচুর শূন্যপদ

শুরু রেজিস্ট্রেশন, চাঁদপাড়া ডিফেন্স আকাদেমিতে

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ছেলেমেয়ের

বর্তমানে এস.এস.সি-জি.ডি, আর্মি, অগ্নিবীর, রেল, এস.এস.সি-এম.টি.এস ও সি.এইচ.এস.এল-এর মতো বিভিন্ন সরকারি ক্ষেত্রে প্রচুর শূন্যপদ প্রকাশ হয়েছে। যেসব ছাত্রছাত্রীরা ডিফেন্স লাইনে যেতে চান বা রেল ও এস.এস.সি'র মতো কেন্দ্রীয় সরকারি চাকরির স্বপ্ন দেখছেন, তাদের জন্য এটি এক সুবর্ণ সুযোগ। এই সুযোগকে কাজে লাগাতে চাঁদপাড়া ডিফেন্স আকাদেমিতে শুরু হয়েছে বিশেষ রেজিস্ট্রেশন ও প্রশিক্ষণ কর্মসূচি। অভিজ্ঞ প্রশিক্ষকদের তত্ত্বাবধানে এখানে দেওয়া হচ্ছে ফিজিক্যাল ট্রেনিং, লিখিত পরীক্ষার প্রস্তুতি, মক টেস্ট ও সম্পূর্ণ গাইডলাইন। যারা নিজের ভবিষ্যৎকে সুরক্ষিত করতে চান ও সরকারি চাকরির পথে এগিয়ে যেতে চান, তারা আজই চাঁদপাড়া ডিফেন্স আকাদেমিতে যোগাযোগ করে রেজিস্ট্রেশন করুন।



চাঁদপাড়া ডিফেন্স আকাদেমি
ঠাকুরনগর আনন্দ পাড়া, উত্তর ২৪ পরগনা
ফোন : 7797985061, 7384593609

## এইমসে নার্সিং অফিসার হওয়ার এন্ট্রান্স পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেসের নয়া দিল্লি-সহ সারা ভারতের বিভিন্ন এইমসে 'নার্সিং অফিসার' পদে নিয়োগের জন্য 'নার্সিং অফিসার রিক্রুটমেন্ট কমন এলিজিবিলিটি টেস্ট (NORCET)-10' পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হচ্ছে। নার্সিংয়ের বি.এসসি. (অনার্স) / বি.এসসি. নার্সিং / বি.এসসি. (পোস্ট সার্টিফিকেট) / পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশরা আবেদন করতে পারেন। রাজ্য বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নার্স এরপর ৬ পাতায়

সর্বভারতীয় 'নিট' পরীক্ষার মাধ্যমে

## MBBS, BDS ও নার্সিং কোর্সে ভরতি

উচ্চমাধ্যমিক ছেলেমেয়ের জন্য

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের বিভিন্ন সরকারি ও বেসরকারি ডাক্তারি কলেজ, নয়াদিল্লির এইমস, জে.আই.পি.এম.ই.আর, ই.এস.আই.সি., এ.এফ.এম.সি. ও অন্যান্য এইমস-এ 'ডাক্তারির ডিগ্রি (এম.বি.বি.এস.)', 'দাঁতের ডাক্তারির ডিগ্রি (বি.ডি.এস.)', 'আয়ুর্বেদ', 'সিদ্ধা', 'ইউনানি' ও 'হোমিওপ্যাথি'র ডিগ্রি আর মিলিটারি নার্সিং সার্ভিসের অধীন আর্মড ফোর্সেস মেডিক্যাল সার্ভিস হসপিটালে 'বি.এসসি নার্সিং' এরপর ১২ পাতায়

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

## স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422.

R

## ব্যবসা-বাণিজ্য

1.উকিল(35L) 2. A/C, Comp./Law/ outdoor Asst. (শুধু Gkw-Podra), 3. ব্যবসা / প্রকাশনা / Mktg. / PRO অভিজ্ঞ। M : 8585892443.

D

## কর্মখালি

**মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে সরাসরি**

বিভিন্ন পদে M/F কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা : ৮ম-স্নাতক, বেতন : 18,200–63,500 + PF, ESI, OT, বোনাস থাকা ও যাতায়াত ফ্রী। Ex-আর্মিদের বিশেষ সুবিধা। M : 7550825532

SA

## কর্মখালি

আসানসোল, রানিগঞ্জে রেল, ব্যাঙ্ক, কোলিয়ারীতে স্থায়ী পদে নিয়োগ চলছে। যোগাযোগ M: 9332833022

SH

**JOB VACANCY**
কলকাতা মেট্রোরেলে বিভিন্ন অফিশিয়াল পদে জরুরীভিত্তিক M/F নিয়োগ চলছে। যোগ্যতা : H.S., স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21,700 –68,900), M : 8478912336

SA(A)

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆:7890135514

## কর্মখালি

**এয়ারপোর্ট জব**
শিক্ষাগত যোগ্যতানুযায়ী গ্রাউন্ডস্টাফ, চেকিং ডিপার্টমেন্ট, কার্গো ডিপার্টমেন্ট, টিকিট কাউন্টার-সহ বিভিন্ন স্থায়ী পদে M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21,700/-–69,900/-). যোগাযোগ M : 7450930964

SA(A)

**নিয়োগ বিজ্ঞপ্তি**
কলকাতা East–West মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন পদে M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা : H.S., স্নাতক ও উর্ধ্বে। বেতন : (20,500 – 68,900/-, M : 8274998422

SA(A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## কর্মখালি

**আর্জেন্ট জয়েনিং**
WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন সরকারি পোস্টে নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : অষ্টম - স্নাতক ও উর্ধ্বে। বেতন : 24,300/- – 72,900/-, RM-7699951182

SA

## কর্মখালি

**জরুরী বিজ্ঞপ্তি**
কোলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: HS –স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21,500/-–68,900/-)। যোগাযোগ M : 7890531327

SA(A)

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেইদায়ী নয়। — সম্পাদক, **কর্মসংস্থান**

## সেনাবাহিনীতে অগ্নিবীর

১ পাতার পর

পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, হাওড়া জেলার প্রার্থীদের থেকে।

বহরমপুর আর্মি রিক্রুটিং অফিসের মাধ্যমে নেওয়া হবে মুর্শিদাবাদ, নদিয়া, বীরভূম, পূর্ব বর্ধমান ও পশ্চিম বর্ধমান জেলার প্রার্থীদের থেকে।

ব্যারাকপুর আর্মি রিক্রুটিং অফিসের মাধ্যমে উত্তর ২৪ পরগনা, হুগলি, বাঁকুড়া ও পুরুলিয়া জেলার প্রার্থীদের থেকে নেওয়া হবে।

শিলিগুড়ি আর্মি রিক্রুটিং অফিসের মাধ্যমে নেওয়া হবে জলপাইগুড়ি, দার্জিলিং, আলিপুরদুয়ার, মালদা, কালিম্পং, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর ও কোচবিহার জেলার প্রার্থীদের থেকে।

শিলিগুড়ি (সিকিম) আর্মি রিক্রুটিং অফিসের মাধ্যমে নেওয়া হবে নামচি, গ্যাংটক, পাকয়ঙ, মঙ্গন, সোরেঙ, গ্যালসিং জেলার প্রার্থীদের থেকে।

সব জেলার প্রার্থীদের অনলাইনে নাম নথিভুক্তকরণ শুরু হয়েছে ১৩ ফেব্রুয়ারি থেকে, চলবে ১ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন পরীক্ষা হবে ১ জুন থেকে ১৫ জুন পর্যন্ত। অনলাইন পরীক্ষায় সফল হলে সংশ্লিষ্ট আর্মি রিক্রুটিং অফিসের অধীন জেলার প্রার্থীদের শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। তাতে সফল হলে ডাক্তারি পরীক্ষা।

**কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি তা দেওয়া হল:**

**অগ্নিবীর (জেনারেল ডিউটি)** : মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% (অতিরিক্ত বিষয় ছাড়া) নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। হাল্কা গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে ড্রাইভার পদের জন্য অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২২ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি।

**অগ্নিবীর (টেকনিক্যাল)** : ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। এন.আই.ও.এস. বোর্ড থেকে পাশ হলেও যোগ্য। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা ইংরিজি, অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে আর নিচের এইসব ট্রেডে আই.টি.আই. (২ বছরের) বা, ডিপ্লোমা (২/৩ বছরের) কোর্স পাশ হলে যোগ্য : মেকানিক মোটর ভেহিক্যাল, মেকানিক ডিজেল, ইলেক্ট্রনিক মেকানিক, টেকনিশিয়ান পাওয়ার ইলেক্ট্রনিক সিস্টেম, ইলেক্ট্রিশিয়ান, ফিটার, ইন্সট্রুমেন্ট মেকানিক, ড্রাফটসম্যান, সার্ভেয়র, জিওইনফমেটিক্স অ্যাসিস্ট্যান্ট, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স, ইনফর্মেশন টেকনোলজি, মেকানিক কাম অপারেটর ইলেক্ট্রিক কমিউনিকেশন সিস্টেম, ভেসেল নেভিগেটর, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স বা, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২২ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**অগ্নিবীর ক্লার্ক / স্টোরকীপার টেকনিক্যাল** : আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্টস/ বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২২ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি।

**অগ্নিবীর ট্রেডসম্যান (মাধ্যমিক পাশ)** : মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২২ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮১ সেমি ও না ফুলিয়ে ৭৬ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

**অগ্নিবীর ট্রেডসম্যান (ক্লাস এইট পাশ)** : ক্লাস এইট পাশরা প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২২ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮১ সেমি ও না ফুলিয়ে ৭৬ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

ওপরের সব পদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০৫ থেকে ১-৭-২০০৯'এর মধ্যে।

৪ বছরের চুক্তিতে কাজ করতে হবে। শুরুতে ৬ মাসের মিলিটারি ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন। প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। দ্বিতীয় বছর মাসে ৩৩,০০০ টাকা। তৃতীয় বছর মাসে ৩৬,৫০০ টাকা। চতুর্থ বছর মাসে ৪০,০০০ টাকা। এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও-পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাগ মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন কমন্ এন্ট্রান্স টেস্ট হবে, ১ জুন থেকে ১৫ জুনের মধ্যে। সারা ভারতের প্রায় ২০০টি অনলাইন পরীক্ষা কেন্দ্রে। ৬০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন হবে এম.সি.কিউ. টাইপের। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে।

অগ্নিবীর (জেনারেল ডিউটি) পদে ৫০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ -১৫টি, (খ) জেনারেল সায়েন্স -১৫টি, (গ) অঙ্ক-১৫টি, (ঘ) লজিক্যাল রিজনিং-৫টি।

অগ্নিবীর ক্লার্ক ও স্টোরকীপার টেকনিক্যাল পদে ৫০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ-৫টি, (খ) জেনারেল সায়েন্স-৫টি, (গ) অঙ্ক-১০টি, (ঘ) কম্পিউটার সায়েন্স -৫টি, (ঙ) জেনারেল ইংলিশ -২৫টি।

অগ্নিবীর (টেকনিক্যাল) পদে ৫০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ -৫টি, (খ) ফিজিক্স -১৫টি, (গ) অঙ্ক - ১৫টি, (ঘ) কেমিস্ট্রি -১০টি, (ঙ) লজিক্যাল রিজনিং - ৫টি। অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন।

নেগেটিভ মার্কিং আছে। অনলাইন পরীক্ষায় নির্দিষ্ট কোয়ালিফাই নম্বর পেলে শারীরিক মাপজোখ, শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। কোন রিক্রুটিং অফিসে কবে কোথায় শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে তা জানিয়ে দেওয়া হবে। ১০০ নম্বরের শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে — : ১.৬ (১ মাইল) কিমি দৌড়। ৫ মিনিট ৩০ সেকেন্ডে সম্পূর্ণ করলে ৬০ নম্বর, ৫.৩১ মিনিট থেকে ৫.৪৫ মিনিটে সম্পূর্ণ করলে ৪৮ নম্বর পাবেন, ৫.৪৬ মিনিট থেকে ৬ মিনিটে সম্পূর্ণ করলে ৩৬ নম্বর পাবেন। ৬.০১ মিনিট থেকে ৬.১৫ মিনিটে সম্পূর্ণ করলে ২৪ নম্বর পাবেন। (২) বিম টেস্ট (পুল আপ)। ১০ বার বা, তার বেশি হলে ৪০ নম্বর, ৯ বার করলে ৩৩ নম্বর, ৮ বার করলে ২৭ নম্বর, ৭ বার করলে ২১ নম্বর, ৬ বার করলে ১৬ নম্বর। (৩) ৯ ফুট গর্ত পেরোনো। (৪) জিগ-জ্যাগ ব্যালান্স (ভারসাম্য) টেস্ট। শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে ডাক্তারি পরীক্ষা হবে।

প্রাক্তন সমরকর্মীর ছেলে ও প্রাক্তন সমরকর্মীরা আর খেলোয়াড়রা ২০, এন.সি.সি.'র 'বি' সার্টিফিকেট কোর্স পাশ হলে ১০, 'এ' সার্টিফিকেট কোর্স পাশ হলে ৫ নম্বর বোনাস হিসাবে পাবেন। এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট কোর্স পাশ হলে 'অগ্নিবীর (জেনারেল ডিউটি) পদের বেলায় ২০ নম্বর, অগ্নিবীর ক্লার্ক, স্টোরকীপার টেকনিক্যাল আর ট্রেডসম্যান পদে ১৫ নম্বর পাবেন।

ডোয়েক থেকে 'ও' লেভেল কম্পিউটার কোর্স পাশের সার্টিফিকেট থাকলে 'অগ্নিবীর ক্লার্ক/স্টোরকীপার টেকনিক্যাল পদের বেলায় ১৫ নম্বর বোনাস হিসাবে পাবেন।

আই.টি.আই. কোর্স পাশ / স্কিল যোগ্যতা থাকলে অগ্নিবীর (টেকনিক্যাল) পদের বেলায় মাধ্যমিক পাশের পর ২ বছরের আই.টি.আই. কোর্স পাশ হলে ২০ নম্বর, মাধ্যমিক ও ডিপ্লোমা কোর্স পাশ হলে ৩০ নম্বর, উচ্চমাধ্যমিক ও ১ বছরের আই.টি.আই. কোর্স পাশ হলে ৩০ নম্বর, উচ্চমাধ্যমিক ও আই.টি.আই.-য়ের ২ বছরের কোর্স পাশ হলে ৪০ নম্বর, উচ্চমাধ্যমিক ও ডিপ্লোমা কোর্স পাশ হলে ৫০ নম্বর পাবেন।

আন্তর্জাতিক স্তরের খেলোয়াড়রা ২০ নম্বর, রাজ্য স্তরের খেলোয়াড়রা ১৫ নম্বর, জেলা স্তরের খেলোয়াড়রা প্রথম বা, দ্বিতীয় পর্যায়ে খেলাধূলা করে থাকলে সরাসরি ১০ নম্বর, বিশ্ববিদ্যালয় স্তরের প্রথম ও দ্বিতীয় পর্যায়ের খেলোয়াড়রা ৫ নম্বর পাবেন।

শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার দিন সঙ্গে নিয়ে যাবেন নিচের এইসব প্রমাণ পত্রের মূল ও গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ২ কপি জেরক্স :

(১) মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট ও অন্যান্য কোনো যোগ্যতা থাকলে তার রেজিস্ট্রেশন সার্টিফিকেট, অ্যাডমিট কার্ড, মার্কশীট ও বোর্ড সার্টিফিকেট,
(২) ক্লাস এইট পাশ কিংবা মাধ্যমিকে অকৃতকার্য হলে বা, মাধ্যমিক পাশ হলে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অফ স্কুল ও ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসারের কাউন্টার সাইন করা স্কুল লিভিং বা, 'স্কুল ট্রান্সফার সার্টিফিকেট'।
(৩) গ্রাম সরপঞ্চ, গ্রাম প্রধান বা, চেয়ারম্যানের দেওয়া গোল স্ট্যাম্প (ডেজিগনেশন-সহ) মারা লেটার হেডে ৬ মাসের পুরনো ক্যারেক্টার সার্টিফিকেট (ফটো সাঁটা থাকতে হবে) (২১ বছরের কম বয়স হলে ওই ক্যারেক্টার সার্টিফিকেটে 'He is Unmarried' কথাটি লেখা থাকতে হবে),
(৪) নন-বেঙ্গলী প্রার্থীরা জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক বা, এস.ডি.ও.'র দেওয়া বাসিন্দা / নেটিভেটি সার্টিফিকেট,
(৫) জেলাশাসক/ অতিরিক্ত জেলাশাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া ১ বছরের পুরনো স্থায়ী বাসিন্দা সার্টিফিকেট ( Permanent Residential Certificate)।
(৬) তপশিলী উপজাতি (আদিবাসী)'রা দেবেন জেলা শাসক/ অতিরিক্ত জেলাশাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া কাস্ট সার্টিফিকেট।
(৭) তিন মাসের মধ্যে তোলা ও প্রত্যয়িত ছাড়া ২০ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে)।
(৮) এন.সি.সি.'র 'এ', 'বি' বা, 'সি' সার্টিফিকেট,
(৯) রাজ্য বা, জাতীয় পর্যায়ে খেলাধূলায় প্রথম বা, দ্বিতীয় স্থানাধিকারীর সার্টিফিকেট,
(১০) সেনাবাহিনীতে কর্মরত বা, প্রাক্তন সমরকর্মীদের আত্মীয়-স্বজন ইত্যাদির দেওয়া রিলেশন্স সার্টিফিকেট ও ডিসচার্জ সার্টিফিকেট।
(১১) নন-জুডিশিয়াল ১০ টাকার স্ট্যাম্প পেপারে নোটারিকে দিয়ে অ্যাটেস্টেড করিয়ে নেবেন।
(১২) সিঙ্গল ব্যাঙ্ক অ্যাকাউন্ট, প্যান কার্ড, আধার কার্ড।
(১৩) ই-অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in এজন্য বৈধ মোবাইল নম্বর, ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও যাবতীয় প্রমাণ পত্র, ফটো ও সিগনেচার ইত্যাদি স্ক্যান করে নেবেন। সঙ্গে আধার কার্ড রাখবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২৫০ টাকা অনলাইনে জমা দেবেন। টাকা এস.বি.আই. লিঙ্কে, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং বা, ইউ.পি.আই. ভিমে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# ল' পাশ করে গতানুগতিক কোর্ট প্র্যাক্টিস ছাড়াও আছে অনেক ধরনের কাজের সুযোগ

**বিশেষ প্রতিবেদন :** ল' পাশ করার পর সাধারণত কোর্ট প্র্যাক্টিস করতে হয় সাধারণ মানুষের এটাই ধারণা। কিন্তু এই ধারণা পুরোপুরি সঠিক নয়। কোর্ট প্র্যাক্টিস ছাড়াও ল' পাশ করে বিভিন্ন ধরনের কাজের সুযোগ রয়েছে। যেমন ম্যারেজ রেজিস্টার হওয়া, জমি-বাড়ি-ফ্ল্যাট রেজিস্ট্রেশনের কাজ করা, বি.এল.এল.আর.ও অফিসে জমি-বাড়ি-ফ্ল্যাট'এর রেকর্ড (পরচা) / মিউটেশন তৈরি করার কাজ। RTO অফিসের মাধ্যমে চার চাকা / দু'চাকা গাড়ি কেনাবেচার পর তার নাম পরিবর্তন সংক্রান্ত কাজ, ক্লাব / সোসাইটি রেজিস্ট্রেশনের কাজ, ইনকাম ট্যাক্স / জি.এস.টি সংক্রান্ত কাজ, ক্রেতা-বিক্রেতা (Consumer Protection) সংক্রান্ত কাজ। এছাড়াও আছে একাধিক কাজের সুযোগ। যেমন, ব্যাঙ্কের লোন, বন্ধকী, সারফেসি, DRT সংক্রান্ত কাজ, কো-অপারেটিভ সোসাইটি সংক্রান্ত কাজ, কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি মিউটেশন সংক্রান্ত কাজ, বিভিন্ন Tribunal (LRTT, SAT, CAT, Income Tax, Labour, Banking) সংক্রান্ত কাজ করে ভালো রোজগারের সুযোগ আছে ল' পাশ করে।

মধ্য কলকাতার আমহার্স্ট স্ট্রিটের 'ল পয়েন্ট' ভারত তথা পশ্চিমবঙ্গে এক বিশ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠান। প্রায় ২৫ বছর ধরে সুনামের সঙ্গে পশ্চিমবঙ্গ-সহ ভারতের Bar Council of India স্বীকৃত Law College থেকে LL.B (3 yrs.), LL.B (5 yrs.) ও LL.M-এ দায়িত্ব সহকারে ভর্তি করাচ্ছে। 'ল পয়েন্ট' থেকে সবরকম গাইড নিয়ে প্রায় ৩ হাজার জন ছাত্রছাত্রী 'ল' পাশ করে প্রতিষ্ঠিত হয়েছেন।

এই প্রতিষ্ঠানের কর্ণধার Advocate P. K. Das, M.A (Double), LL.M. তিনি কলকাতা হাইকোর্টের একজন প্রতিষ্ঠিত আইনজীবি হিসাবে প্রায় ২৪ বছর প্র্যাক্টিস করছেন। ওনার সব ধরনের সহযোগিতা Law পাশ করার ক্ষেত্রে ও পাশ করার পর প্র্যাক্টিসের ক্ষেত্রে সব ছাত্রছাত্রীদের দিশা দেখাচ্ছেন। তাছাড়া Law পাশ করার পর Bar Council-এর Enrolment ও সর্বোপরি All India Bar Council Exam (AIBE) দায়িত্ব সহকারে পড়িয়ে একচান্সে পাশ নিশ্চিত করাচ্ছেন। তাই যেসব স্নাতক যুবক-যুবতীরা উদ্দেশ্যহীন বা দিশাহীনভাবে জীবনযাপন করছেন, তাঁরা 'ল' পয়েন্টে আসুন। LL.B ভর্তি হয়ে ও Law পাশ করে নিজের ভবিষ্যৎ প্রতিষ্ঠিত করুন। এখানে যেকোনো বয়সে LL.B পড়ানো হয়। LL.B (3 yrs.)-এর জন্য যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. আর LL.B (5 yrs.)-এর জন্য যে কোনো বোর্ড / কাউন্সিল থেকে H.S পাশ ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. উপরে উল্লিখিত যোগ্যতা থাকলেই যে কোনো বয়সে যে কোনো ব্যক্তি LL.B পড়তে পারেন Bar Council স্বীকৃত Law College থেকে। LL.B পাশ করার পর 50% নম্বর থাকলে আপনি LL.M (2 yrs.) পাশ করে Law College-এর পড়ানোর পেশা হিসাবে বেছে নিতে পারেন। তাই শিক্ষিত বেকার যুবকযুবতীদের Law পড়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান 'ল' পয়েন্টে 2026-2027 Session ভর্তির জন্য নাম রেজিস্ট্রেশন করুন ও নিজের ভবিষ্যৎ সুনিশ্চিত করুন। যোগাযোগের ঠিকানা : Law Point, 17, Raja Rammohan Ray Sarani, Amherst Street, Kolkata – 700 009 (Near Sardhananda Park) Mob : 98369 22534, 98319 33390, 98301 32343.

## চাকরির টুকরো খবরাখবর

বনগাঁ পুলিশ ডিস্ট্রিক্ট লিগ্যাল কন্সালট্যান্ট (সিনিয়র) হিসাবে ১ জন লোক নিচ্ছে। দরখাস্ত করার শেষ তারিখ ৫ মার্চ। বিস্তারিত পাবেন এই ওয়েবসাইটে : https://wbpolice.gov.in

■

ডেকিকেটেড ফ্রেট করিডর কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড'এর বিজ্ঞপ্তি নং 01/DR/2025-এর মাল্টি টাস্কিং স্টাফ পদের দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে সফলদের শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে মার্চে। মোট শূন্যপদের ৩ গুণ প্রার্থীকে শারীরিক সক্ষমতার পরীক্ষায় ডাকা হয়েছে।

■

রেলের বিজ্ঞপ্তি নং 5/2025'এর জুনিয়র ইঞ্জিনিয়ার / ডি.এম.এস.. / সি.এম.এ. পদের প্রথম পর্যায়ের সি.বি.টি. টেস্ট হবে ১৯, ২০ ও ২৫ ফেব্রুয়ারি। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৪ দিন আগে থেকে, সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট থেকে।

■

আই.বি.পি.এস.'এর গ্রামীণ ব্যাঙ্কের গ্রুপ-এ অফিসার (CRP-RRBs-XIV) পদের লিখিত পরীক্ষার ফল বেরিয়েছে। সফলদের এরপর ইন্টারভিউ হবে।

■

## সেলসম্যান নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা, বাদুড়িয়া :** জেলার অন্যতম সেরা সংস্থা আলামিন ইন্ডাস্ট্রি প্রা. লি.-এ সেলসম্যান পদে কিছু লোক নেওয়া হচ্ছে। গ্র্যাজুয়েশন পাশ প্রার্থীরাই আবেদন করতে পারবেন। স্মার্ট ফোন থাকতে হবে। নিয়োগ হবে উত্তর ২৪ পরগনা, মুর্শিদাবাদ ও পশ্চিম মেদিনীপুর জেলায়। মাসিক স্যালারি ১৯,০০০/-—২৪,০০০/- টাকা। বিশদে জানতে যোগাযোগ করুন : 6290192128.


## RECRUITMENT NOTICE

**SALBONI DREAMLAND EDUCATION HUB**
(A group of Institutions)
Bankibandh, Salboni, Paschim Medinipur, 721147, Beside NH -60

**VACANCY DETAILS**

| Institute Name | Position | No. of Vacancy | Qualification |
|---|---|---|---|
| Salbani Institute of Technology | Principal | 01 | As per AICTE Norms |
| | Lecturer in Physics, Chemistry & Civil Engineering | 01 Each | |
| Salboni Private ITI & Government ITI Salboni Government ITI Garbeta (Running under PTP) | Instructor in RAC Mechanic, Solar Electrical | 02 | As per NCVT ITI norms |
| | Instructor Electrician, Fitter, Welder, MMV, ES, WCS, E.D | 02 Each | |

Salary & Other Facility will be as Per Institute IMC & PTP IMC norms

Apply via E-mail within 10 days of published this notice TPOOFFICE.SIT@GMAIL.COM / JOB.SPITI@GMAIL.COM

Any clarification call - 9800731713 / 9051188084 / 9933010232

# NETAJI SUBHAS OPEN UNIVERSITY

NETAJI SUBHAS OPEN UNIVERSITY

**ESTABLISHED BY W. B. ACT (XIX) OF 1997, Recognized by U.G.C.–DEB**
**Accredited by NAAC with 'Grade A'**
**DD-26, Sector-I, Salt Lake, Kolkata-64**

**(BLENDED VOCATIONAL EDUCATION AND TRAINING (VET) PROGRAMME UNDER THE SCHOOL OF VOCATIONAL STUDIES)**

**ভর্তির বিজ্ঞপ্তি** জানুয়ারি - ২০২৬

- **Diploma in Pre-Primary Teachers' Education- Montessori (DPTE-M)** পাঠকেন্দ্র : **1.Anjali Academy of Management & Technology,** (i) Panskura, Purba Medinipur, M-9733928687/9733752904, (ii) Prantik, Bolpur, M- 8900540289 / 9733752904, **2. BijoyKrishnaGirls'College,** M.G.Road, Howrah, Ph.9007559968/26404729, **3. BalagarhBijoykrishna Mahavidyalaya,** Hooghly, M-9434661614/ 8926542479, **4.Bengal Bratachari Society,** Thakurpukur, Kolkata,Ph-9433395708, **5. BKM Collegeof Education,** Purulia, M - 9434334296/ 8918834881, **6.Gourangdi B.Ed. College,** Asansol, Paschim Bardhaman, M - 9563940090/9614445474, **7. George Kids,** (i) Bolpur, Birbhum, M-9830277175, (ii) Kalyani, Nadia,M-6292313904, (iii) Haridevpur, Kolkata, M-6292328243/ 9830277089, (iv) Centre Code - V-84, M-9547027113, **8. InstituteofPsychologicaland Educational Research,** Lake Gardens, Kolkata, M-9831083975, **9. Maharani Kasiswari College,** Kolkata, M- 9674424451/8910332010, **10. Nari Siksha Samity,** Jhargram, Paschim Medinipur, M-9433054996,03221-255331, **11. Pranavananda Institute of Management & Technology,** (a) Ballygunge, Kolkata, M-9331256934/ 9830216056, (b) Hridaypur, M-8334079669, 9331256934, (c) Farakka, Murshidabad, M-9732593561/9331256934, (d) Khatra, Bankura, M-9851155029/8348297129, **12. Sarojini Naidu College,** Kolkata, M-2559-2583/2529-8439, **13. Shanti Devi Vidyaniketan,** Plassey, Nadia, M-9800202184/9733638357, **14. Surendralal DasTeachers' Training College,** Howrah, M- 6290793874, **15. Vidyasagar Foundation,** Simulia, Purulia, M-8017208801/7866918956, **16. Vivekananda Educational Institute,** Ulladabri, Jalpaiguri, M-8918929973/9735881001.
- **Advanced Diploma in Hospital Front Office Management,** পাঠকেন্দ্র : Ruby General Hospital, Kasba, Kolkata, M-8335804444/9831227380.
- **Advanced Diploma in Needle Work and Knitting,** পাঠকেন্দ্র : **1. ArabindranagarYouthAcademy,** Beguntari, Jalpaiguri, M-8250543330/9749315422, **2. Nari Siksha Samity** (Only for girls), Kolkata, **3. Nari Siksha Samity** (only for Girls), Jhargram, Paschim Medinipur, Ph-9433054996/03221-255331 03221-255137, **4. Suri Mahila Samity** (only for Girls), Suri, Birbhum, M-9476338671/9734456534, **5. Nazirpur Rainbow Educational Institute,** Murshidabad, M-9733070694/9434882471
- **Advanced Diploma in Applied Yoga & Naturopathy,** পাঠকেন্দ্র : **1. Anindya Yoga Society,** Kolkata, M- 9331092430/8017276249, **2. Anjali Academy of Management & Technology,** Panskura Purba Medinipur, M-9733928687/9733752904, **3. Nazirpur Rainbow Educational Institute,** Nazirpur, Murshidabad, M-9733070694 / 9434882471, **4. Pranavananda Institute of Management & Technology,** (a) Ballygunge, Kolkata, M-9331256934/9830216056, (b) Khatra, Bankura, M-9433448969/8348297129, (c) Malda, M-9474653567/9331256934, **5. Shivananda Health Society,** Nimta, Kolkata, M-9432012294/ 9239300520, **6. Shanti Devi Vidyaniketan,** Plassey, Nadia, M-9800202184/9733638357, **7. Vivekananda Educational Institute,** Ulladabri, Jalpaiguri, M-8918929973/ 9735881001, **8. MM Vocational College & Research Centre,** Habra, North 24 Parganas, M-9593193327.
- **Diploma in Fire Safety & Security Management,** পাঠকেন্দ্র : 1. Anjali Academy of Management & Technology, Panskura, Purba Medinipur, M- 9434453144/ 9733928687, **2. Pranavananda Institute of Management & Technology,** (a) Kolkata, M : 9331256934/9830216056, (b) Malda, M: 9474653567, (c) Khatra, M-9433448969/ 8348297129, **3. Nazirpur Rainbow Educational Institute,** Nazirpur, Murshidabad, M-9733070694/9434882471, **4. Vivekananda Educational Institute,** Ulladabri, Jalpaiguri, M-8918929973/9735881001, **5. MM Vocational College & Research Centre,** Habra, North 24 Parganas, M-9593193327, **6. Ramakrishna Vivekananda Mission,** Barrackpore, Kolkata, M- 9434008991/ 7003607784.
- **Tailoring & Dress Designing – a. Advance Certificate, b. Advanced Diploma,** পাঠকেন্দ্র : **1. AnjaliAcademyofManagement& Technology,** (i) Panskura,PurbaMedinipur, M-9434453144/9733928687, (ii) Prantik, Bolpur, M- 8900540289/9733752904, **2. Al-Ameen Memorial MinorityCollege,** Joynagar, 24Parganas (S), M-9874854960/9674331935, **3. Bengal Bratachari Society,** ,Thakurpukur, Kolkata, M-9433395708, **4. Nari Siksha Samity,** Kolkata, M-9433054996/ 8972736705/ 23544996, **5.Nari Siksha Samity,** Jhargram,Paschim Medinipur, Ph-9433054996/03221-255331/03221-255137, **6. MM Vocational College & Research Centre,** Habra,North 24 Parganas, M-9593193327, **7. Pranavananda Institute of Management & Technology,** (a) Diamond Harbour, M-9331256934/9836578403, (b)Hridaypur, North 24 Pgs, M-8334079669,9331256934, (c) Raigunj, Uttar Dinajpur,M-9382878853/9851068083, (d) Bardhaman,M- 9679711007, (e) Malda, M-9434836786, (f) Khatra, Bankura, M-9433448969 / 8348297129, (g) Purulia, M- 7584932680/9331256934, **8. Shanti Devi Vidyaniketan,** Plassey, Nadia, M-9800202184/9733638357, **9. Vivekananda Educational Institute,** Ulladabri, Jalpaiguri, M-8918929973/9735881001, 10. Ramakrishna Vivekananda Mission, Barrackpore, Kolkata, M- 9434008991/ 7003607784.
- **Diploma/ Advanced Diploma in Visual Arts (Painting/ Applied Art/Graphic Design),** পাঠকেন্দ্র : **1. Abesh Innovation,** Ballygunge, Kolkata, M- 7278765945, **2. Creative Art and Craft Foundation,** Sankrail, Howrah, Ph- 9123052189 / 9163481120.

**ভর্তির আবেদনপত্র ও ফি জমা দেওয়ার শেষ তারিখ 27.02.2026. Help Desk : 033-4058 5127**

**ADMISSION OPEN FOR TRAINING PROGRAMME UNDER CLL**

বিশদে জানার জন্য ওয়েবসাইট দেখুন : www.wbnsou.ac.in

- By Order
Director (I/c), SVS
Registrar (Acting)

# রাজ্য বাজেট ২০২৬-আগামী ১ বছর রাজ্যের সব ধরনের চাকরির পরীক্ষার জন্য খুবই গুরুত্বপূর্ণ

*প্রথা অনুযায়ী প্রত্যেক বছরের মতো এ বছরও ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহে রাজ্য বাজেট (ভোট অন অ্যাকাউন্ট) পেশ করলেন রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। যেহেতু আর কয়েক মাস পরেই রাজ্যের বিধানসভার নির্বাচন, তাই সংবিধান অনুযায়ী এখন রাজ্য সরকার পেশ করল অন্তর্বর্তীকালীন বাজেট (ভোট অন অ্যাকাউন্ট)। ২০২৬-২৭ আর্থিক বছরের এই বাজেট তাই সামনের ১ বছর ধরে হওয়া প্রতিটি চাকরির পরীক্ষার ক্ষেত্রে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ টপিক হতে চলেছে। গত সপ্তাহের কেন্দ্রীয় বাজেট বিশ্লেষণের পর রাজ্যের এই অন্তর্বর্তীকালীন বাজেটেরও প্রতিটি গুরুত্বপূর্ণ শিডিউল-সহ সেক্টর অ্যালোকেশন, তার আর্থ-সামাজিক বিশ্লেষণ ও সেই অনুযায়ী ঠিক কীভাবে প্রস্তুতি নিলে ইন্টারভিউ বোর্ডে চাকরিপ্রার্থীরা মাইলেজ পাবেন তা নিয়ে সবিস্তারে আলোচনা করলেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে গত বৃহস্পতিবার ৫ ফেব্রুয়ারী বিধানসভায় রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য রাজ্য বাজেট পেশ করেন। ২০২৬-২৭ সালের অন্তর্বর্তীকালীন বাজেটে, ৪.০৬ লাখ কোটি টাকার ব্যয় পরিকল্পনার রূপরেখা দেওয়া হয়েছে যা আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতির মধ্যে সমাজকল্যাণমূলক প্রকল্প, নারী ও যুবদের জন্য অর্থনৈতিক সহায়তা, বর্ধিত রাজস্ব লক্ষ্যমাত্রা ও ব্যয় বৃদ্ধির ওপর জোর দেয়।

**গুরুত্বপূর্ণ বিষয়:** ২০২৫-২৬ সালের তুলনায় ২০২৬-২৭ সালে ১৪.২% বৃদ্ধির অনুমান করা হয়েছে।

**মোট রাজস্ব প্রাপ্তি:** ২,৮৭,৭৯১ কোটি টাকা
**মোট মূলধন প্রাপ্তি:** ১,০৮,২৮৮ কোটি টাকা
**মোট রাজস্ব ব্যয়:** ৩,০৯,৫৫১ কোটি টাকা
**মোট মূলধন ব্যয়:** ৮৬,৫৩৩ কোটি টাকা

**বাজেট ব্যয়:**
**সাধারণ পরিষেবা:** ৯৪,৩৮৯ কোটি টাকা
**সমাজসেবা:** ১,৮০,৮৬২ কোটি টাকা
**অর্থনৈতিক পরিষেবা:** ৭৩৭৭৩ কোটি টাকা

**গুরুত্বপূর্ণ খাতে বাজেট বরাদ্দ:**
**কৃষি ও সংশ্লিষ্ট কার্যক্রম:** ২৪,৩১২.৯৭ কোটি টাকা
**গ্রামীণ উন্নয়ন:** ১৫,৯১৯.৭৬ কোটি টাকা
**সেচ ও বন্যা নিয়ন্ত্রণ:** ৫,৮৫৮.৯৫ কোটি টাকা
**শক্তি :** ৫,৩৭২.৫০ কোটি টাকা
**শিল্প ও খনিজ সম্পদ:** ২,৮৪২.৯৬ কোটি টাকা
**পরিবহন:** ১৪,৩৮৮.২৩ কোটি টাকা
**বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ:** ১৫৫.৯৪ কোটি টাকা
**শিক্ষা, ক্রীড়া, শিল্প ও সংস্কৃতি:** ৫১,৫৩০.৬২ কোটি টাকা
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ:** ২৩,১১৯.২১ কোটি টাকা
**জল সরবরাহ, স্যানিটেশন, গৃহায়ন ও নগর উন্নয়ন:** ৪৫,৫৪৪.০০ কোটি টাকা
**তফসিলি জাতি, তফসিলি উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর কল্যাণ:** ৬,৯১৫.৩৭ কোটি টাকা
**সমাজকল্যাণ ও পুষ্টি:** ৫১,৮১৫.০৩ কোটি টাকা

**সমাজকল্যাণ অগ্রাধিকার:** মোট ব্যয়ের প্রায় ৪৬% (প্রায় ১.৮০ লক্ষ কোটি টাকা) সমাজকল্যাণ প্রকল্পের জন্য বরাদ্দ করা হয়েছে, যা অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের ( ইনক্লুসিভ ডেভেলপমেন্ট) ওপর সরকারের মনোযোগের ইঙ্গিত দেয়।

**সরকারি কর্মচারীদের ডিএ বৃদ্ধির ঘোষণা :** সরকারি কর্মচারীদের মহার্ঘভাতা নিয়ে সুপ্রিম কোর্টের বড় রায় ঘোষণার দিনই বাজেটে রাজ্য সরকারি কর্মীদের আরও চার শতাংশ DA বাড়ার কথা জানালেন অর্থ দফতরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। ফলে এখন রাজ্য সরকারি কর্মীরা ১৮ শতাংশ ডিএ পান, নতুন অর্থবর্ষ (১ এপ্রিল) থেকে তাঁরা ২২ শতাংশ মহার্ঘভাতা পাবেন।

**'লক্ষ্মীর ভাণ্ডার'-এ ভাতা বৃদ্ধি:** ২০২১ সালের বিধানসভা নির্বাচনের আগেই 'লক্ষ্মীর ভাণ্ডার' প্রকল্প চালুর ঘোষণা করেছিলেন। তার পর থেকে সময় যত এগিয়ে বছরে-বরাদ্দে বেড়েছে এই ভাণ্ডার। প্রত্যাশা মতোই আবারও বিধানসভা ভোটের আগে 'লক্ষ্মীর ভাণ্ডার'-এ ভাতা অতিরিক্ত ৫০০ টাকা বাড়ানোর কথা ঘোষণা করল সরকার। অর্থাৎ বাজেট ঘোষণা অনুযায়ী, যে মহিলারা ১০০০ টাকা আর্থিক সাহায্য পেতেন, তাঁরা এবার ১৫০০ টাকা পাবেন। এছাড়া তফসিলি জাতি, জনজাতি ও পিছিয়ে পড়া সম্প্রদায়ের মহিলারা এই প্রকল্পে ১৭০০ টাকা আর্থিক সাহায্য পাবেন।

**আশা-অঙ্গনওয়াড়ি কর্মীদের ভাতাবৃদ্ধি:** রাজ্য বাজেটে আশাকর্মীদের মাসিক ভাতা ১,০০০ টাকা বৃদ্ধি কথা ঘোষণা করা হয়েছে। ১০০০ টাকা করে মাসিক ভাতা বাড়ছে অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়কদেরও। নতুন অর্থবর্ষ থেকেই ১,০০০ টাকা করে বর্ধিত ভাতা পাবেন সকলেই। এছাড়া রাজ্য সরকারের অন্য মহিলা কর্মীদের মতো এবার থেকে আশাকর্মীরাও মাতৃত্বকালীন ছুটির সুবিধা পাবেন। এছাড়া রাজ্য বাজেটের ঘোষণা অনুযায়ী। আশাকর্মী, অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়কদের মধ্যে কেউ কর্তব্যরত অবস্থায় মারা গেলে তাঁর পরিবারকে ৫ লাখ টাকা আর্থিক সহায়তা দেবে সরকার।

**প্যারা-টিচারদের ভাতা বৃদ্ধি:** রাজ্য বাজেটে প্যারা-টিচার ও শিক্ষাবন্ধুদের জন্যেও ভাতা বৃদ্ধির ঘোষণা। তাঁদের সাম্মানিক মাসিক আরও ১,০০০ টাকা করে বাড়ানোর কথা ঘোষিত হল বাজেটে। কর্মরত অবস্থায় প্যারা-টিচার, শিক্ষাবন্ধুদের কেউ প্রাণ হারালে তাঁর পরিবারকেও ৫ লাখ টাকা আর্থিক সহায়তা দেওয়া হবে।

**সিভিকদের বেতন বৃদ্ধি:** রাজ্যের সিভিক ভলান্টিয়ার, গ্রিন পুলিশ ও ভিলেজ পুলিশদের জন্যেও সুখবর রয়েছে এবারের বাজেটে। আগামী অর্থবর্ষ থেকে তাঁদেরও মাসিক বেতন ১,০০০ টাকা করে বাড়ানোর ঘোষণা। সিভিক ভলান্টিয়ার, গ্রিন পুলিশ ও ভিলেজ পুলিশেরা কর্তব্যরত অবস্থায় প্রাণ হারালে সংশ্লিষ্ট কর্মীর পরিবারকে আর্থিক সহায়তা স্বরূপ ৫ লাখ টাকা দেবে সরকার। আগে এই সাহায্যের পরিমাণ ছিল ৩ লাখ টাকা।

**যুবদের জন্য নয়া প্রকল্প 'বাংলার যুবসাথী' :** তরুণ-যুবদের জন্য রাজ্য বাজেটে দারুণ সুখবর। এদিন বাজেটে 'বাংলার যুবসাথী' নামে নয়া প্রকল্পের ঘোষণা করেছে সরকার। মাধ্যমিক পাশ বেকার যুবক-যুবতীরা এই প্রকল্পে সর্বোচ্চ ৫ বছর পর্যন্ত প্রতি মাসে ১,৫০০ টাকা করে ভাতা পাবেন। ২১ থেকে ৪০ বছর বয়সিরাই পাবেন এর সুযোগ। ১ এপ্রিল ২০২৬ থেকেই এই প্রকল্পের সুবিধা উপলব্ধ হবে।

**পেনশনভোগীদের জন্য সুবিধা:** অবসরপ্রাপ্ত সরকারি কর্মীদের জন্য পশ্চিমবঙ্গ 'হেল্‌থ স্কিম'-এ বাড়ল সুবিধা। এতদিন তালিকাভুক্ত সরকারি ও বেসরকারি হাসপাতালে এই স্কিমে ২ লাখ টাকা পর্যন্ত 'ক্যাশলেস' চিকিৎসার সুযোগ মিলত। এ দিনের বাজেট ঘোষণা অনুযায়ী পেনশনভোগীরা এবার থেকে ২ লাখ টাকার বেশি যা খরচ হবে, তার ৭৫ শতাংশ 'ক্যাশলেস'-এর সুবিধা পাবেন।

**গিগ ওয়ার্কারদের সামাজিক সুরক্ষা:** ফুড ডেলিভারি- থেকে ওষুধ, কনজিউমার প্রোডাক্ট থেকে আনাজপাতি ডেলিভারি- রাজ্যে গিগ ওয়ার্কারদের সংখ্যা হু হু করে বেড়েছে গত কয়েক বছরে। বাজেটে জানানো হয়েছে, গিগ কর্মীদের সামাজিক সুরক্ষা প্রকল্পের আওতায় আনা হবে। দ্রুত অসংগঠিত এই শ্রমিকদের জন্য নির্দিষ্ট পোর্টাল চালু করবে রাজ্য। নথিভুক্ত হওয়ার পর বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পগুলির সুবিধা পাবেন তাঁরা।

**খেতমজুরদের আর্থিক সাহায্য :** দিনভর খেতে খেটে পাতের অন্নের জোগান দেন যাঁরা তাঁদের জন্যেও বাজেটে সুখবর। যে সমস্ত খেতমজুর নিজস্ব জমি না থাকার জন্য রাজ্যের 'কৃষক বন্ধু' প্রকল্পের সাহায্য পান না বা যাঁরা ভাগচাষি নন, তাঁদের আর্থিক সাহায্যের কথা এদিন ঘোষিত হয়েছে বাজেটে। এবার থেকে বছরে দু'বার রবি ও খরিফ চাষের সময়ে ২০০০ টাকা করে মোট ৪০০০ টাকা আর্থিক সাহায্য পাবেন তাঁরা।

**সপ্তম পে কমিশন গঠনের ঘোষণা :** রাজ্যের সরকারি কর্মচারীরা দীর্ঘদিন ধরেই সপ্তম বেতন কমিশন গঠনের দাবি করছিলেন। মূল বেতন, গ্রেড পে ও বিভিন্ন ভাতা কাঠামোয় বৃদ্ধি চাইছিলেন তাঁরা। সেই দাবি পূরণে ভোটের আগে অন্তর্বর্তী বাজেট (ভোট অন অ্যাকাউন্টস)-এ সপ্তম পে কমিশন গঠনের ঘোষণাও এদিন করে দিলেন রাজ্যের সরকার।

ব্যাঙ্ক, ইউ.পি.এস.সি, ডব্লু.বি.সি.এস-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

রাজ্যের ১১২টি কোম্পানিতে

# ৩৩,২৩৮ পদে চাকরি

## শুরুতেই মাইনে মাসে ১৫ হাজার টাকা

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

সৈকত হালদার, সল্টলেক : কলকাতার প্রথম সারির ৭২টি কোম্পানি ও সারা রাজ্যে আরো ৪০টি কোম্পানি মিলিয়ে মোট ১১২টি প্রতিষ্ঠানে, হিউম্যান রিসোর্স (HR) বিভাগে 'এক্সিকিউটিভ' পদে ৩৩,২৩৮ জন ছেলেমেয়ে নেবে। গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদনের জন্য যোগ্য। বয়স হতে হবে ২১.০২.২০২৬ তারিখের হিসাবে ৩০ বছরের মধ্যে। মাইনে মাসে ১২,০০০/- — ১৫,০০০/- টাকা পর্যন্ত। প্রার্থী বাছাই করা হবে ট্রেনিংয়ের মাধ্যমে। ঠিক কী ধরনের ট্রেনিং নেওয়া থাকলে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, "দেখুন, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় এই বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, ৩০ বছর বয়সী সাধারণ মানের গ্র্যাজুয়েট, ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে এই ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় এই পদে। আমাদের এখান থেকেই এই বিভাগে গত ৭ মাসে চাকরি হয়েছে প্রায় ১,৫১২ জনের। আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। রাজ্যের Labour Bureau Association এর থেকে পাওয়া গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক মতো জায়গা থেকে এই ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

**পূর্ব ভারতের অন্যতম সেরা এই প্রতিষ্ঠান থেকে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি। প্রতি ৬ মাস অন্তর এখান থেকে চাকরি পাচ্ছেন ৫০০ থেকে ৮০০ জন।**

যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, 'রাজ্যের মধ্যে এখন এই ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই এই বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, **Talent Acquisition (HR)** পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি পর্যায়-এ — প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো ভালো পে-প্যাকেজ চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের স্পেশাল প্রফেশনাল ট্রেনিং — এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও অনেকের চাকরি হয়। (৫) এখানকার এই ট্রেনিংয়ের ইন্ডাস্ট্রিতে কতটা কদর, তা একটা উদাহরণ দিলেই খুব সহজেই বোঝা যাবে। এখানকার ট্রেনি **অর্পিতা নস্কর**ের কথাই ধরা যাক। সাধারণ গ্র্যাজুয়েট। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) ট্রেনিং নেওয়ার জন্য এই প্রতিষ্ঠানে ঠিক ৭ মাস আগে ভর্তি হয়। কোনো ইন্টার্নশিপ না করেই, আজকে মাসে ১৮,০০০টাকা মাইনের চাকরি করছে সে। ৬ মাস পরে তার পে-প্যাকেজ হবে মাসে ২৫,০০০ টাকা - ৩০,০০০ টাকা। অর্থাৎ, এখানকার ট্রেনিং নিলে, তার কেরিয়ার যে খুব ভালোভাবে শুরু হবে — তা একপ্রকার সুনিশ্চিত। (৬) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন ইন্টারভিউ নেওয়া, ওয়ার্কফোর্স ম্যানেজমেন্ট টেকনিক, এমপ্লয়ি পারফরম্যান্স ম্যানেজমেন্ট, অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট, সিলেকশন অ্যান্ড রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট, পারফরম্যান্স অ্যান্ড কমপেনশেসন ম্যানেজমেন্ট-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা MNC কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity** ও **Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি চাকরি অ্যাপয়েন্টমেন্ট লেটার হাতে পায়। (৮) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (১০) একমাত্র এখানেই **'Work on Live Projects'** করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। আর কোর্স ফি-র ওপর স্কলারশিপের (শর্তানুযায়ী) ব্যবস্থা আছে।' বিশেষত যারা গ্র্যাজুয়েশন পাশ করেছেন ও বয়স ৩০ বছরের মধ্যে আর এখন থেকেই শুরুতে মাসে ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেতে চান আজই যোগাযোগ করুন এই নম্বরে- **9429691888** বা চলে আসুন এই ঠিকানায় — **Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.**

## এন.টি.পি.সি'তে ৫১৫

১ পাতার পর

ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল /পাওয়ার সিস্টেমস অ্যান্ড হাই ভোল্টেজ /পাওয়ার ইলেক্ট্রনিক্স /পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রিক্যাল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১৬৫টি (জেনাঃ ৮০, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ৪৮, তঃজাঃ ২০, তঃউঃজাঃ ১০)।

মেকানিক্যাল / প্রোডাকশন / ইন্ডাস্ট্রিয়াল /প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল / থার্মাল / মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন/ পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেকানিক্যাল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২১০টি (জেনাঃ ১৪৮, ও.বি.সি.২৭, তঃজাঃ২৫, তঃউঃজাঃ ১০)।

ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, পাওয়ার ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১২৫টি (জেনাঃ ৬১, ই.ডব্লু.এস. ১২, ও.বি.সি. ৩৪, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৫)।

কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'কম্পিউটার সায়েন্স /আই.টি.' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

ওপরের সব ক্ষেত্রেই ডিগ্রি কোর্সে মোট অন্তত ৬৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ২৫-২-২০২৬'র হিসাবে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। সফল হলে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে চাকরি। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই হবে ২০২৫ সালের 'গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং (GATE-2025)' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ হবে। দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.ntpccareers.net এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও 'গেট-২০২৫' পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর থাকতে হবে। তখন ফটো ও সিগনেচার স্ক্যান করে নিয়ে যাবেন। পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না) টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় জমা দিতে হবে এই অ্যাকাউন্ট নম্বরে : 30987919993 at CAG Branch, New Delhi on behalf of NTPC. টাকা জমা দেবেন এস.বি.আই. পে-ইন স্লিপে।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে Career-এ গিয়ে অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। তাতে যবতীয় প্রমাণ পত্র দিয়ে আর ফটো আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম ২ কপি প্রিন্ট করবেন তখন ইউনিক অ্যাপ্লিকেশন আই.ডি. আর রেফারেন্স পাবেন, যা নিজের কাছে রেখে দেবেন।

## এন.সি.সি. পাশদের জন্য সেনাবাহিনীতে চাকরি

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি** : ভারতীয় সেনাবাহিনী এন.সি.সি. পাশ করা প্রার্থীদের মধ্যে থেকে শর্ট সার্ভিস কমিশনে 'এন.সি.সি. স্পেশাল এন্ট্রি স্কিম'-এ ১২৪তম কোর্সে ৭০ জন অবিবাহিত ছেলে নিচেছ।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। এন.সি.সি.'র সিনিয়র ডিভিশনে অন্তত ২ বছর থাকার পর 'সি' সার্টিফিকেট পরীক্ষায় অন্তত 'বি' গ্রেড থাকা দরকার। বয়স হতে হবে ১-৭-২০২৬'এর হিসাবে ১৯ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি আর ওজন বয়সের সঙ্গে সুসামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় ভালো চোখে ৬/ ৬ ও খারাপ চোখে ৬/ ১৮ আর মায়োপিয়া '–3.50'-র কম। শুরুতে ৪৯ সপ্তাহের ট্রেনিং হবে চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে, আগামী বছর অক্টোবরে। তখন স্টাইপেন্ড পাবেন। ক্যাডেট ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ৫৬,১০০ টাকা। সফল হলে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে শর্ট সার্ভিস কমিশনে চাকরি। তখন ৬ মাস প্রবেশনে থাকতে হবে। মোট ১০ বছরের চাকরি। যা আরো ৪ বছর পর্যন্ত বাড়তে পারে। মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। শূন্যপদ : ৭০টি। এর মধ্যে যুদ্ধে আহত পরিবারের ছেলেদের জন্য যথারীতি সীট সংরক্ষিত।

দরখাস্ত দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষা, গ্রুপ টেস্ট, ইন্টারভিউ ও সাইকোলজিক্যাল টেস্টের 'কল লেটার' পাঠানো হবে। ৫ দিনের পরীক্ষা হবে এলাহবাদ, ভোপাল, বেঙ্গালউরু, কাপুরথালায়। সফল হলে ডাক্তারি পরীক্ষা। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে সাড়ে ১০ মিনিটে ২.৪ কিমি দৌড়, ৩০ বার পুশ আপ, ৪০ বার পুল আপ, ৬ বার সিট আপ। এছাড়াও স্কোয়াটস, লাংস, সুইমিং টেস্ট হবে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in প্রার্থী বাছাই পরীক্ষার সময় সঙ্গে নিয়ে যাবেন : (১) এখনকার তোলা গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে), (২) ডিগ্রি কোর্স পাশের মার্কশীটের প্রত্যয়িত নকল, (৩) এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৪) মাধ্যমিক পাশের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## যুবসাথী প্রকল্পে

১ পাতার পর

করেছে। সরকারি বা, বেসরকারি সংস্থায় কর্মরত প্রার্থীরা এই ভাতা পাবেন না। রাজ্য সরকারের অন্য কোনো প্রকল্পের দেওয়া কোনো ভাতা (শিক্ষা সংক্রান্ত স্কলারশিপ / এডুকেশনাল সুবিধা ছাড়া) পেয়ে থাকলেও এই ভাতা পাবেন না। বেকার হিসাবে এখন এই ভাতা পেলেও চাকরি পাওয়ার পর এই ভাতা আপনা থেকেই বন্ধ হয়ে যাবে। এজন্য প্রতি বছর 'লাইভ স্ট্যাটাস' দেখাতে হবে। দরখাস্ত করার পর যোগ্য হিসাবে বিবেচিত হলে উপভোক্তা তালিকায় নাম উঠবে।

দরখাস্ত করতে পারবেন অনলাইন বা, অফলাইনে। অফলাইনে দরখাস্তের ফর্ম দেওয়া শুরু হয়েছে। চলবে ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত, বেলা ১০টা থেকে ৫টা পর্যন্ত। রাজ্যের ২৯৪টি বিধানসভা কেন্দ্রের নির্দিষ্ট ক্যাম্প থেকে দরখাস্তের ফর্ম পাবেন। আপনার এলাকায় কোথা থেকে ফর্ম পাবেন,তা জানতে পারবেন পঞ্চায়েত অফিস ও পুরসভা / পুরনিগম অফিসে যোগাযোগ করলে। ফর্ম নিতে সঙ্গে নিয়ে যাবেন মাধ্যমিক পাশের মার্কশীট বা, অ্যাডমিট কার্ড কিংবা আধার কার্ড। পূরণ-করা দরখাস্ত জমা দেওয়ার সময় এইসব প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত জেরক্স লাগবে : (১) মাধ্যমিক পাশের মার্কশিট বা, সার্টিফিকেট, (২) মাধ্যমিকের অ্যাডমিট কার্ড, (৩) আধার কার্ড, (৪) ভোটার কার্ড, (৩) বৈধ মোবাইল নম্বর, (৪) এখনকার তোলা ও নিজের সই করা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো, (৫) নিজের নামে থাকা ব্যাঙ্ক পাসবইয়ের প্রথম পাতার স্ব-প্রত্যয়িত জেরক্স কিংবা ক্যানসেল চেক। এছাড়াও অনলাইনে দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.wbsportsandyouth.gov.in, www.sportsandyouth.wb.gov.in ফর্ম পাবেন ও পূরণ করে জমা দেওয়ার শেষ তারিখ ২৬ ফেব্রুয়ারি। প্রসঙ্গত উল্লেখ্য, 'লক্ষ্মীর ভাণ্ডার' প্রকল্পে ১,০০০ (তপশিলী হলে ১,২০০) টাকা থেকে ভাতা বাড়িয়ে ১,৫০০ (তপশিলী হলে ১,৭০০) টাকা করা হয়েছে। নথিভুক্ত প্রার্থীরা ফেব্রুয়ারি থেকে এই বর্ধিত ভাতা পাচ্ছেন। এছাড়াও যাঁরা নতুন করে 'লক্ষ্মীর ভাণ্ডার' প্রকল্পে নাম নথিভুক্ত করতে-চান, তাঁরাও ওই ২৯৪টি বিধানসভা কেন্দ্রের নির্দিষ্ট জায়গা থেকে দরখাস্তের ফর্ম পাবেন ও পূরণ করে জমা দিতে পারবেন ২৬ ফেব্রুয়ারির মধ্যে।

## স্যানিটারি ইন্সপেক্টর কোর্স করে কেন্দ্রীয় সরকারের হেল্‌থ ইন্সপেক্টর পদে চাকরি



রাম নারায়ণ মণ্ডল

কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট ফর হেলথ ট্রেনিং নতুন সেশনে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ লোকাল সেলফ গভর্নমেন্ট, মুম্বই অনুমোদিত ও কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টরের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে। যে কোনো শাখার উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাস ও সেই সঙ্গে কমপিউটারে বেসিক সার্টিফিকেট থাকলে আবেদন করতে পারেন। কেন্দ্রীয় সরকার স্বীকৃত এই কোর্সটি পূর্ব ভারতে একমাত্র এই প্রতিষ্ঠানে পড়ানো হয়। ১ বছরের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে থিওরির পাশাপাশি হাতে কলমে প্রাকটিক্যাল ট্রেনিং দেওয়া হয়। সংস্থার প্রিন্সিপ্যাল রাম নারায়ণ মন্ডল জানান, স্যানিটারি ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্স পাস করার পর রেল,পুর নিগম, পোর্ট, হাসপাতাল সহ বিভিন্ন স্বাস্থ্য ক্ষেত্রে চাকরি হয়। এই কোর্স করে এবছর বিধাননগর পুরনিগম ও রেলে মোট ৩৬ জন চাকরি পেয়েছে। এছাড়াও চাকরি পেয়েছে কেন্দ্রীয় সরকারের এয়ারপোর্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও পেট্রোপলে। অল্প কিছু সীট খালি আছে। ভর্তির জন্য যোগাযোগ করুন এই ঠিকানায়: আই আই এইচ টি (IIHT), ২২৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, বৌবাজার, কলকাতা ৭০০০১২। ফোন: ৯৮৩৬৩৯৬৭৩৪, ৭০০৩২২৪৪২৭, ৯৮৩১৭৭৪৫১৭, ৭৪৩৯৩৮৭৩৬৫। ওয়েবসাইট: www.iiht.in

## রেলের আর.পি.এফ.'এর কনস্টেবল পদের চূড়ান্ত ফল বেরোল

রেলের আর.পি.এফ.'এর কনস্টেবল (এক্সিকিউটিভ) (বিজ্ঞপ্তি নং 02/2024) পদের যে কম্পিউটার বেসড টেস্ট গত বছর ২ মার্চ থেকে ১৮ মার্চ আর শারীরিক সক্ষমতার পরীক্ষা গত বছর ১৩ নভেম্বর থেকে ৬ ডিসেম্বর পর্যন্ত হয়েছিল, তার চূড়ান্ত মেধা তালিকা বেরিয়েছে। সফল হয়েছেন ৪,২০৫ জন প্রার্থী।

## এন.টি.পি.সি.'র গ্র্যাজুয়েট লেভেলের সি.বি.টি. টেস্ট

রেলের বিজ্ঞপ্তি নং 6/2025'এর নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি (এন.টি.পি.সি.) গ্র্যাজুয়েট লেভেলের সি.বি.টি. টেস্ট হবে ১৬ মার্চ থেকে ২৭ মার্চ। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৪ দিন আগে থেকে, সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট থেকে।

আলামিন ইন্ডাস্ট্রি
বাদুড়িয়া, উঃ ২৪ পরগনা
উত্তর ২৪ পরগনা, মুর্শিদাবাদ এবং পশ্চিম মেদিনীপুর থেকে সেলসম্যান পদে নিয়োগ। আয় 19 থেকে 24 হাজার টাকা পর্যন্ত। যোগ্যতা : গ্র্যাজুয়েশন। স্মার্ট ফোন থাকা বাধ্যতামূলক।
M: +91 62901 92128

Online Degree
DigiLocker Certificate

ODL Mode

| UG Course | Fees Per Year |
|---|---|
| BA | 6500/- |
| B.Com | 8000/- |
| B.Sc.- PCB/PCM/ZBC | 24000/- |
| BLib | 18000/- |
| BJMC | 16000 |

PG Course

| | Fees Per Year |
|---|---|
| MA - (English / History / Pol Science / Sociology / Economics) | 12000/- |
| M.Sc. (Physics/Chemistry/Mathematics) | 24000/- |
| M.Com | 12000/- |
| M.LiSc. | 20000/- |
| MBA (Marketing/Finance/Operation) | 26000/- |

Online Mode

| MBA-Pulse | Fees Per Year |
|---|---|
| Health Care | 39000/- |
| Supply Chain | 39000/- |
| Business Analytics | 39000/- |
| IT | 39000/- |
| Digital Marketing | 39000/- |

| | |
|---|---|
| MCA | 34000/- |
| MA-Education | 18000/- |


PG Diploma Course

| | Fees Per Year |
|---|---|
| Computer Application | 35000/- |
| Cyber Security | 35000/- |
| Cloud Computing | 35000/- |
| Big Data Analytics | 35000/- |


B.Ed | LLB | LLM | Diploma (Lat) | B.Tech. (Lat) | M.Tech. (Lat) | BPT (lat) | BMLT (Lat)

DCS Educare
Career Counselling & Admission Guidance Centre
For Admission Call- 7439041864 / 9830824664

ছায়া প্রকাশনী
infinite learning
CAREER BOOKS
Buy books online @ www.chhaya.co.in



GENERAL INTELLIGENCE & REASONING CHALLENGER
with 40 Previous Years' Papers (Fully Solved)




WBCS CHALLENGER (Vol. 1 & 2)
for Preliminary Examination
with 10 Practice Sets



RRB COMPLETE Challenger (volume 1 + 2)
CBT1 + CBT2 + CBAT
40 Practice Papers for CBT 1 + CBT 2



SSC GD CONSTABLE Recruitment Challenger
new Edition 2026
with 25 Previous Years' Papers (Fully Solved)



POLICE 100% Practice Sets
WEST BENGAL POLICE / KOLKATA POLICE
100 Practice Sets (Fully Solved)

## CIHM'এর সাথে যুক্ত হয়ে মাসে ১ লাখ টাকা রোজগারের সুযোগ



**নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর :** রাজ্যের অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান CIHM – Central Institute of Hotel and Hospitality Management College স্বচ্ছল রোজগারের এক অভিনব সুযোগ নিয়ে এল। সব জেলা ও শহর থেকে শিক্ষাক্ষেত্রের সঙ্গে যুক্ত ব্যক্তিরা, এডুকেশন কনসালট্যান্ট ও স্টুডেন্টস কাউন্সিলররা কেন্দ্রীয় সরকার ও ISO স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান CIHM সাথে যুক্ত হয়ে নিজেরা মাসিক ১ লাখ টাকা পর্যন্ত আয় করতে পারেন। যাঁরা এই মুহূর্তে চাকরির চেষ্টা করছেন তাঁরাও CIHM -এর সাথে যোগাযোগ করে নিজেদের ভবিষ্যৎ গড়ে তুলুন। এই ব্যাপারে বিশদে জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 7439722422, 8013990366.

## ইন্ডিয়ান অয়েলে ১২১

১ পাতার পর

রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ১২ মাসের ট্রেনিং। শূন্যপদ : ৫৫টি (জেনাঃ ১৫, ই.ডব্লু.এস. ৭, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১৫)।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -মেকানিক্যাল :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ১২ মাসের ট্রেনিং। শূন্যপদ : ২৩টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, প্রতিবন্ধী ৩)।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইন্সট্রুমেন্টেশন :** ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ১২ মাসের ট্রেনিং। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, ও.বি.সি. ১, প্রতিবন্ধী ১)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (বয়লার)- মেকানিক্যাল :** অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি বা, ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি বিষয়ের ৩ বছরের বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ২৪ মাসের ট্রেনিং। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, ও.বি.সি. ১)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট) -কেমিক্যাল :** অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি বা, ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি বিষয়ের ৩ বছরের বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ১২ মাসের ট্রেনিং। শূন্যপদ : ৩০টি (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-১-২০২৬'র হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : PH/R/01/2025-26 (APP)-III, Date: 11.02.2026.

প্রার্থী বাছাইয়ের জন্য কোনো লিখিত পরীক্ষা হবে না। শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে তালিকা তৈরি হবে। মনোনীত প্রার্থীদের তালিকা বেরোবে ২৭ ফেব্রুয়ারি। সার্টিফিকেট ভেরিফিকেশন হবে ৫ থেকে ১০ মার্চের মধ্যে।

প্রার্থীদের প্রথমে নাম নথিভুক্ত করতে হবে ২৪ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in, www.iocl.com আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.iocl.com, www.iocrefrecruit.in

## এইমসে নার্সিং অফিসার হওয়ার

১ পাতার পর

ও মিডওয়াইফ হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে।

জেনারেল নার্সিং মিডওয়াইফারি ডিপ্লোমা কোর্স পাশরা রাজ্য বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে আর অন্তত ৫০ শয্যার হাসপাতালে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৬-৩-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,৬০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : 17/2026, Date: 24.02.2026. প্রার্থী বাছাই করবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস, নয়া দিল্লি। 'Nursing Officer Recruitment Common Eligibility Test (NORCET)-10' এর মাধ্যমে। এজন্য প্রথমে কম্পিউটার বেসড প্রিলিমিনারি টেস্ট হবে ১১ এপ্রিল। ১০০ নম্বরের ১০০টি এম.সি.কিউ. টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল নলেজ অ্যান্ড অ্যাপ্টিটিউড- ২০টি, নার্সিং সংক্রান্ত ৮০টি। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রিলি পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেলে কম্পিউটার বেসড মেনস পরীক্ষা হবে ৩০ এপ্রিল। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি এম.সি.কিউ. টাইপের প্রশ্ন হবে নার্সিং সংক্রান্ত সিলেবাস অনুযায়ী। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ ফেব্রুয়ারি থেকে ১৬ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.aiimsexams.ac.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৩,০০০ (তপশিলী, ই.ডব্লু.এস. হলে ২,৪০০) টাকা অনলাইনে জমা দিতে হবে। প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সেনাবাহিনীতে নার্সিং অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

জেলা, সিকিম ও ওড়িশার ছেলেদের প্রথমে অনলাইনে নাম নথিভুক্ত করতে হবে, ১ এপ্রিলের মধ্যে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন পরীক্ষা হবে। তাতে সফল হলে র‍্যালি হবে। তখন কবে কোথায় র‍্যালি হবে তা জানিয়ে দেওয়া হবে। কারা কোন পদের জন্য যোগ্য :

**সোলজার টেকনিক্যাল (নার্সিং অ্যাসিস্ট্যান্ট/নার্সিং অ্যাসিস্ট্যান্ট ভেটেরিনারি) :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরিজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, জুলজি ও ইংরিজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০৪ থেকে ১-৭-২০০৯'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতি হলে ১৬২) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৭ সেমি ও ফুলিয়ে ৮২সেমি আর ওজন অন্তত ৫০ (তঃউঃজাঃ হলে ৪৮) কেজি।

**সেপাই ফার্মা :** উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে ফার্মাসির ডিপ্লোমা (ডি.ফার্মা) কোর্স পাশ হলে এই পদের জন্য যোগ্য। রাজ্য বা, কেন্দ্রীয় ফার্মাসি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে।

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ফার্মাসির ডিগ্রি (বি. ফার্মা) কোর্স পাশরা রাজ্য বা, কেন্দ্রীয় ফার্মাসি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৯ থেকে ২৫ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-১-২০০২ থেকে ১-৭-২০০৮'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

সব ক্ষেত্রে সেনাবাহিনীতে কর্মরত সৈনিক বা, প্রাক্তন সমরকর্মীর ছেলেরা উচ্চতায় ২ সেমি, ওজনে ২ কেজি ও বুকের ছাতিতে ১ সেমি ছাড় পাবেন। রাজ্য, জাতীয় বা, জেলা স্তরের খেলোয়াড়রা উচ্চতায় ২ সেমি, ওজনে ৫ কেজি ও বুকের ছাতিতে ৩ সেমি ছাড় পাবেন।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন কমন এন্ট্রান্স টেস্ট হবে ১ জুন থেকে ১৫ জুনের মধ্যে। ৬০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন হবে এম.সি.কিউ. টাইপের। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। এই পদে ৫০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ -১০টি, (খ) ফিজিক্স -৫টি, (গ) অঙ্ক - ৫টি, (ঘ) কেমিস্ট্রি -১৫টি, (ঙ) বায়োলজি-১৫টি। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন।

নেগেটিভ মার্কিং আছে। অনলাইন পরীক্ষায় নির্দিষ্ট কোয়ালিফাই নম্বর পেলে শারীরিক মাপজোখ, শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। কোন রিক্রুটিং অফিসে কবে কোথায় শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে তা জানিয়ে দেওয়া হবে। ১০০ নম্বরের শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে — : ১.৬ (১ মাইল) কিমি দৌড়। ৬ মিনিট ১৫ সেকেন্ডে সম্পূর্ণ করলে কোয়ালিফাই করতে পারবেন। (২) বিম টেস্ট (পুল আপ)। (৩) ৯ ফুট গর্ত পেরোনো। (৪) জিগ-জাগ ব্যালান্স (ভারসাম্য) টেস্ট। শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে ডাক্তারি পরীক্ষা হবে।

প্রাক্তন সমরকর্মীর ছেলে ও প্রাক্তন সমরকর্মীরা আর খেলোয়াড়রা ২০, এন.সি.সি.'র 'বি' সার্টিফিকেট কোর্স পাশ হলে ১০, 'এ' সার্টিফিকেট কোর্স পাশ হলে ৫ নম্বর বোনাস হিসাবে পাবেন। এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট কোর্স পাশ হলে ১৫ নম্বর, 'সি' সার্টিফিকেট (রিপাব্লিক ডে প্যারেড) হলে ২০ নম্বর পাবেন।

শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার দিন সঙ্গে নিয়ে যাবেন নিচের এইসব প্রমাণ পত্রের মূল ও গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ২ কপি জেরক্স :

(১) মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট ও অন্যান্য কোনো যোগ্যতা থাকলে তার রেজিস্ট্রেশন সার্টিফিকেট, অ্যাডমিট কার্ড, মার্কশীট ও বোর্ড সার্টিফিকেট,

(২) গ্রাম সরপঞ্চ, গ্রাম প্রধান বা, চেয়ারম্যানের দেওয়া গোল স্ট্যাম্প (ডেজিগনেশন-সহ) মারা লেটার হেডে ৬ মাসের পুরনো ক্যারেক্টার সার্টিফিকেট (ফটো সাঁটা থাকতে হবে) (২১ বছরের কম বয়স হলে ওই ক্যারেক্টার সার্টিফিকেটে 'He is Unmarried' কথাটি লেখা থাকতে হবে),

(৩) নন-বেঙ্গলী প্রার্থীরা জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক বা, এস.ডি.ও.'র দেওয়া বাসিন্দা / নেটিভেটি সার্টিফিকেট,

(৪) জেলাশাসক/ অতিরিক্ত জেলাশাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া ১ বছরের পুরনো স্থায়ী বাসিন্দা সার্টিফিকেট ( Permanent Residential Certificate)।

(৫) তপশিলী উপজাতি (আদিবাসী)'রা দেবেন জেলা শাসক/ অতিরিক্ত জেলাশাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া কাস্ট সার্টিফিকেট।

(৬) তিন মাসের মধ্যে তোলা ও প্রত্যয়িত ছাড়া ২০ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে)।

(৭) এন.সি.সি.'র 'এ', 'বি' বা, 'সি' সার্টিফিকেট,

(৮) রাজ্য বা, জাতীয় পর্যায়ে খেলাধুলায় প্রথম বা, দ্বিতীয় স্থানাধিকারীর সার্টিফিকেট, (৯) সেনাবাহিনীতে কর্মরত বা, প্রাক্তন সমরকর্মীদের আত্মীয়-স্বজন ইত্যাদির দেওয়া রিলেশন্স সার্টিফিকেট ও ডিসচার্জ সার্টিফিকেট।

(১০) নন-জুডিশিয়াল ১০ টাকার স্ট্যাম্প পেপারে নোটারিকে দিয়ে অ্যাটেস্টেড করিয়ে নেবেন।

(১১) সিঙ্গল ব্যাঙ্ক অ্যাকাউন্ট, প্যান কার্ড, আধার কার্ড।

(১২) ই-অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in এজন্য বৈধ মোবাইল নম্বর, ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও যাবতীয় প্রমাণ পত্র, ফটো ও সিগনেচার ইত্যাদি স্ক্যান করে নেবেন। সঙ্গে আধার কার্ড রাখবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২৫০ টাকা অনলাইনে জমা দেবেন। টাকা এস.বি.আই. লিঙ্কে, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং বা, ইউ.পি.আই. ভিমে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।




## কোচবিহার জেলার ইন্টারভিউ

১ পাতার পর

কবে থেকে শুরু হবে তার তারিখ ঠিক না হলেও আশা করা যায়, মার্চের প্রথম দিকে শুরু হতে পারে। ইন্টারভিউ সংক্রান্ত পরবর্তী বিজ্ঞপ্তি যথাসময়ে প্রাথমিক শিক্ষা পর্ষদের ওয়েবসাইটে দেওয়া হবে।

ইন্টারভিউয়ের দিন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও স্ব-প্রত্যয়িত (Self Attested) করা জেরক্স কপি সঙ্গে নিয়ে যেতে হবে (যাঁরা এখনো ইন্টারভিউয়ের কল লেটার পাননি, তাঁরা এইসব প্রমাণপত্র সংগ্রহ করে রাখুন) :

(১) প্রাথমিক শিক্ষা পর্ষদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা ইন্টারভিউয়ের কল লেটার।

(২) 'টেট' পাশের ডাউনলোড করা সার্টিফিকেট।

(৩) বয়সের প্রমাণপত্র হিসাবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা, সার্টিফিকেট।

(৪) মাধ্যমিকের মার্কশীট ও সার্টিফিকেট।

(৫) উচ্চমাধ্যমিক পাশের মার্কশীট ও সার্টিফিকেট।

(৬) ২ বছরের ডি.এল.এড. / ডি.এড. (স্পেশাল এডুকেশন) কিংবা ৪ বছরের বি.এল.এড.'এর মার্কশীট ও সার্টিফিকেট।

(৭) ডিগ্রি কোর্স পাশের মার্কশীট ও সার্টিফিকেট।

(৮) কাস্ট সার্টিফিকেট।

(৯) প্রতিবন্ধী সার্টিফিকেট (যদি থাকে)।

(১০) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া সাম্প্রতিক বছরের ই.ডব্লু.এস. সার্টিফিকেট।

(১১) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া এক্সেমটেড ক্যাটেগরি সার্টিফিকেট।

(১২) প্রাক্তন সমরকর্মী সার্টিফিকেট।

(১৩) প্যারা টিচারদের বেলায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া 'ফার্স্ট এনগেজমেন্ট লেটার'।

(১৪) প্যারা টিচারদের বেলায় ডি.পি.ও. / এস.ডি.ও.'এর দেওয়া অভিজ্ঞতার সার্টিফিকেট (সার্ভিস কাউন্টিং ও বয়সের ছাড়ের জন্য)।

(১৫) কো-কারিকুলার অ্যাক্টিভিটিজ / এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটিজ হিসাবে যাবতীয় সার্টিফিকেট ও প্রমাণপত্র।

(১৬) ভোটার কার্ড / আধার কার্ড।

(১৭) স্ব-প্রত্যয়িত করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো।

## সেনাবাহিনীতে মহিলা অগ্নিবীর

১ পাতার পর

নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২২ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০৫ থেকে ১-৭-২০০৯'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি আর উচ চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে আর বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। সেনাবাহিনীতে কর্মরত সৈনিক বা, প্রাক্তন সমরকর্মীর মেয়েরা উচ চতায় ২ সেমি, ওজনে ২ কেজি ও মেধাবী খেলোয়াড়রা উচ চতায় ২ সেমি আর ওজনে ৫ কেজি ছাড় পাবেন।

'অগ্নিবীর'দের ৪ বছরের জন্য নিয়োগ করা হবে। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের মিলিটারি ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন।

প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় যোগ্য। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন কমন এন্ট্রান্স টেস্ট হবে ১ জুন থেকে ১৫ জুন পর্যন্ত। ৬০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন হবে এম.সি.কিউ. টাইপের। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। এই পদে ৫০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ - ১৫টি, (খ) জেনারেল সায়েন্স -১৫টি, (গ) অঙ্ক - ১৫টি, (ঘ) লজিক্যাল রিজনিং-৫টি। অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। নেগেটিভ মার্কিং আছে। অনলাইন পরীক্ষায় নির্দিষ্ট কোয়ালিফাই নম্বর পেলে শারীরিক মাপজোখ, শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। কোন রিক্রুটিং অফিসে কবে কোথায় শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে তা জানিয়ে দেওয়া হবে। ১০০ নম্বরের শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে —: ১.৬ (১ মাইল) কিমি দৌড়। ৭ মিনিট ৩০ সেকেন্ডের মধ্যে সম্পূর্ণ করলে ৬০ নম্বর পাবেন। ৭ মিনিট ৩১ সেকেন্ড থেকে ৮ মিনিটের মধ্যে সম্পূর্ণ করলে ৪৮ নম্বর পাবেন। (২) ৭ ফুট খানা টপকানো, (৩) জিগজাগ ব্যালান্স টেস্ট, (৪) বিম টেস্ট। শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে ডাক্তারি পরীক্ষা হবে।

প্রাক্তন সমরকর্মীর মেয়ে ও প্রাক্তন সমরকর্মীরা আর খেলোয়াড়রা ২০, এন.সি.সি.'র 'বি' সার্টিফিকেট কোর্স পাশ হলে ১০, 'এ' সার্টিফিকেট কোর্স পাশ হলে ৫ নম্বর বোনাস হিসাবে পাবেন। এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট কোর্স পাশ হলে ২০ নম্বর, 'সি' সার্টিফিকেট (রিপাব্লিক ডে প্যারেড হলে) ২৫ নম্বর পাবেন।

আন্তর্জাতিক স্তরের খেলোয়াড়রা ২০ নম্বর, রাজ্য স্তরের খেলোয়াড়রা ১৫ নম্বর, জেলা স্তরের খেলোয়াড়রা প্রথম বা, দ্বিতীয় পর্যায়ে খেলাধূলা করে থাকলে সরাসরি ১০ নম্বর, বিশ্ববিদ্যালয় স্তরের প্রথম ও দ্বিতীয় পর্যায়ের খেলোয়াড়রা ৫ নম্বর পাবেন।

শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার দিন সঙ্গে নিয়ে যাবেন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ২ কপি জেরক্স :

(১) মাধ্যমিক, উচ চমাধ্যমিক, গ্র্যাজুয়েট ও অন্যান্য কোনো যোগ্যতা থাকলে তার রেজিস্ট্রেশন সার্টিফিকেট, অ্যাডমিট কার্ড, মার্কশীট ও বোর্ড সার্টিফিকেট,
(২) গ্রাম সরপঞ্চ, গ্রাম প্রধান বা, চেয়ারম্যানের দেওয়া গোল স্ট্যাম্প (ডেজিগনেশন-সহ) মারা লেটার হেডে ৬ মাসের পুরনো ক্যারেক্টার সার্টিফিকেট (ফটো সাঁটা থাকতে হবে) (২১ বছরের কম বয়স হলে ওই ক্যারেক্টার সার্টিফিকেটে 'She is Unmarried' কথাটি লেখা থাকতে হবে),
(৩) নন-বেঙ্গলী প্রার্থীরা জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক বা, এস.ডি.ও.'র দেওয়া বাসিন্দা / নেটিভেটি সার্টিফিকেট,
(৪) জেলাশাসক/ অতিরিক্ত জেলাশাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া ১ বছরের পুরনো স্থায়ী বাসিন্দা সার্টিফিকেট ( Permanent Residential Certificate)।
(৫) তপশিলী উপজাতি (আদিবাসী)'রা দেবেন জেলা শাসক/ অতিরিক্ত জেলাশাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া কাস্ট সার্টিফিকেট।
(৬) তিন মাসের মধ্যে তোলা ও প্রত্যয়িত ছাড়া ২০ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে)। (৭) এন.সি.সি.'র 'এ', 'বি' বা, 'সি' সার্টিফিকেট, (৮) রাজ্য বা, জাতীয় পর্যায়ে খেলাধূলায় প্রথম বা, দ্বিতীয় স্থানাধিকারীর সার্টিফিকেট, (৯) সেনাবাহিনীতে কর্মরত বা, প্রাক্তন সমরকর্মীদের আত্মীয়-স্বজন ইত্যাদির দেওয়া রিলেশন্স সার্টিফিকেট ও ডিসচার্জ সার্টিফিকেট। (১০) নন-জুডিশিয়াল ১০ টাকার স্ট্যাম্প পেপারে নোটারিকে দিয়ে অ্যাটেস্টেড করিয়ে নেবেন। (১১) সিঙ্গল ব্যাঙ্ক অ্যাকাউন্ট, প্যান কার্ড, আধার কার্ড। (১২) ই-অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in এজন্য বৈধ মোবাইল নম্বর, ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও যাবতীয় প্রমাণপত্র, ফটো ও সিগনেচার ইত্যাদি স্ক্যান করে নেবেন। সঙ্গে আধার কার্ড রাখবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২৫০ টাকা অনলাইনে জমা দেবেন। টাকা এস.বি.আই. লিঙ্কে, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং বা, ইউ.পি.আই. ভিমে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
রেলের গ্রুপ 'ডি'
ও
স্কুল সার্ভিসের Gr.-C & Gr.-D
পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943

এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?
ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?
চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?
এসব জানাতেই হচ্ছে
কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত
থাকছে ফ্রি টিফিন
কেরিয়ার ফেয়ার
স্থানঃ বাঁকুড়া
সময় ঃ সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত
১৩ ও ১৪ মার্চ, ২০২৬
(শুক্রবার ও শনিবার)

ncsm
NATIONAL COMPUTER SAKSHARTA MISSION
বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

# জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

**চা**করির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পুলিশে চাকরির

■ পশ্চিমবঙ্গে বিধানসভা ভোটের আগে পশ্চিমবঙ্গ পুলিশ বা, কলকাতা পুলিশের বিজ্ঞপ্তি বেরোবে কি? — প্রদীপ সরকার, ধুবুলিয়া, নদিয়া। পীযূস মুন্সি, আমতা, হাওড়া।

■■ পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদে প্রায় ১০ হাজার শূন্যপদের জন্য বিজ্ঞপ্তি মার্চের মধ্যে বেরোনোর সম্ভাবনা আছে। কলকাতা পুলিশের বিজ্ঞপ্তি বেরোনোর কোনো খবর নেই।

■ মাধ্যমিক পাশ ও ৩ বছরের ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ করেছি। রাজ্য পুলিশে ওয়্যারলেস অপারেটর বা, ওয়্যারলেস সুপারভাইজর পদে দরখাস্ত করতে পারব কি? বিজ্ঞপ্তি কবে বেরোবে? — সৈকত দাস, গড়বেতা, পশ্চিম মেদিনীপুর। আলামিন বিশ্বাস, তেঁতুলবেড়িয়া, নাকাশীপাড়া, নদিয়া।

■■ না। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলকমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল, কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা পশ্চিমবঙ্গ পুলিশ 'ওয়্যারলেস সুপারভাইজর (টেকনিক্যাল) গ্রেড-।।' পদের জন্য আবেদন করতে পারেন। ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা পশ্চিমবঙ্গ পুলিশ 'ওয়্যারলেস অপারেটর' পদের জন্য আবেদন করতে পারেন।

■ কলকাতা পুলিশের কনস্টেবল পদের যে প্রিলিমিনারি পরীক্ষা ২১ ডিসেম্বর হল, তার ফল কবে বেরোবে? — বিশাল খামরুই, আমতা, হাওড়া।

■■ এ মাসেই ফল বেরোনোর সম্ভাবনা আছে।

## রেলে চাকরির

■ রেলে গ্রুপ-ডি পদের যে বিজ্ঞপ্তি বেরিয়েছে, তাতে একজন প্রার্থী একাধিক রেল রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে পারবে কি? — সরমা চন্দ্র, বাঁকুড়া।

■■ না, একজন প্রার্থী একটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের শূন্যপদের জন্য দরখাস্ত করতে পারবেন।

■ রেলের গ্রুপ-ডি পদের জন্য মাধ্যমিক পাশ হতে হবে, না আই.টি.আই. পাশ হতে হবে? — সায়ক মন্ডল, পশ্চিম মেদিনীপুর।

■■ মাধ্যমিক বা, আই.টি.আই. যে কোনো একটি পাশ হলেই যোগ্য।

■ রেলের গ্রুপ-ডি পদের (বিজ্ঞপ্তি নং 09/2025) যে দরখাস্ত নেওয়া চলছে, তার পরীক্ষা কবে হতে পারে? — স্বরূপ হালদার, মথুরাপুর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। তবে জুলাই-আগস্টের আগে পরীক্ষা হওয়ার সম্ভাবনা কম।

## প্রাইমারি চাকরির

■ প্রাইমারি স্কুলে স্পেশাল এডুকেটর পদের যে পরীক্ষা ২২ ফেব্রুয়ারি হবে, তাতে কী কী বিষয়ের 'টেট' হবে? — সোমনাথ সিংহ, দলমাদল রোড, বিষ্ণুপুর, বাঁকুড়া।

■■ ১৫০ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) শিশু মনস্তত্ত্ব ও উন্নয়ন-৩০ নম্বর, (২) প্রথম ভাষা (যে মাধ্যমের স্কুলে দরখাস্ত করবেন সেই ভাষা) -৩০ নম্বর, (৩) দ্বিতীয় ভাষা (ইংরিজি) -৩০ নম্বর, (৪) অঙ্ক - ৩০ নম্বর, (৫) পরিবেশ বিজ্ঞান -৩০ নম্বর। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। বিস্তারিত সিলেবাস প্রাথমিক শিক্ষা পর্ষদের ওয়েবসাইটে পাবেন।

■ প্রাইমারির চতুর্থ পর্যায়ের ইন্টারভিউ কবে হবে? উত্তর ২৪ পরগনা জেলার প্রার্থীদের ইন্টারভিউ কবে হবে? — মানসী জানা, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা। শুভশ্রী দাস, অশোকনগর, হাবড়া, উত্তর ২৪ পরগনা।

■■ তৃতীয় পর্যায়ের ইন্টারভিউ শেষ হয়েছে। চতুর্থ পর্যায়ে কোচবিহার জেলার ইন্টারভিউ শুরু হবে ২৪ ফেব্রুয়ারি থেকে, চলবে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত। উত্তর ২৪ পরগনা জেলার প্রার্থীদের ইন্টারভিউ হতে দেরি আছে।

## পি.এস.সি.'র

■ পি.এস.সি. ক্লার্কশিপ পরীক্ষার মাধ্যমে এবছর লোক নিয়োগ হবে কি? রাজ্যের কলেজগুলিতে গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদে নিয়োগ কীভাবে হয়? — তন্ময় সরকার, অর্জুনপুর, বাগুইআটি, কলকাতা-৫৯।

■■ পি.এস.সি. ক্লার্কশিপের ২০২৪ সালের মেনস পরীক্ষা হয়েছে। এখনো ফল বেরোয়নি। এই পরীক্ষার ফল বেরিয়ে টাইপিং টেস্ট হয়ে এবছর নিয়োগ হতে পারে। তবে ২০২৫ সালের ক্লার্কশিপ পরীক্ষার সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি ২০২৫ সালে বেরোলেও এখনো মূল বিজ্ঞপ্তি বেরোয়নি ও দরখাস্ত নেওয়া শুরুও হয়নি। তবে এবছর দরখাস্ত নেওয়ার সম্ভাবনা আছে। সম্প্রতি পি.এস.সি.'র নতুন চেয়ারম্যান নিযুক্ত হয়েছেন। তাই পি.এস.সি.'র মাধ্যমে নিয়োগে গতি আসবে।

■ পি.এস.সি. ক্লার্কশিপের মেনস পরীক্ষার ফল কবে বেরোবে? টাইপিং টেস্টে কতগুলি ওয়ার্ড টাইপ করতে হয়? স্পিড কেমন হতে হবে? বাংলা না ইংরিজিতে টাইপিং টেস্ট হয়? বিস্তারিত জানাবেন। — শেখ আজিজুর রহমান, ভাতার, বর্ধমান। প্রিয়া দত্ত, হাবড়া, উত্তর ২৪ পরগনা।

■■ মেনস পরীক্ষার ফল বেরোতে দেরি আছে। মেনসে সফল হলে টাইপিং টেস্ট দিতে হবে। এই টাইপিং টেস্ট কম্পিউটারে দিতে হয়। মিনিটে অন্তত ৩০-৩৫টি শব্দ তোলার গতিতে সাধারণত ৫-১০ মিনিটের টেস্ট হয়। স্ক্রিনে একটি ইংরিজিতে প্যাসেজ দেওয়া হয়। সেটি দেখে হুবহু ইংরিজিতে টাইপ করতে হয়। টাইপিং টেস্টে টাইপিং স্পিড দেখা হয়, বানান ঠিক আছে কিনা কিংবা ক'টি ভুল হয়েছে তাও দেখা হয়। এছাড়াও স্পেসিং ঠিক আছে কিনা, কমা (,), ফুলস্টপ (.) দেওয়া হয়েছে কিনা তা দেখা হয়। বড় বা, ছোট হাতের অক্ষর ঠিক টাইপিং হয়েছে কিনা আছে ইত্যাদি দেখা হয়।

## কোর্স ও ট্রেনিং

■ ল্যাটারাল এন্ট্রিতে বি.টেক. পাশ করলে গ্র্যাজুয়েট যোগ্যতায় সব চাকরির পরীক্ষা দিতে পারব কি? এটি রেগুলার বি.টেক. ডিগ্রির সমতুল্য কি? — অতনু রায়, করিমপুর, নদিয়া।

■■ হ্যাঁ, গ্র্যাজুয়েট যোগ্যতায় সব ধরনের পরীক্ষা দিতে পারবেন। এটি রেগুলার বি.টেক. ডিগ্রি হিসাবে ধরা হয়।

■ স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি ওয়েস্ট বেঙ্গল'এর অনুমোদিত প্যারা-মেডিক্যাল কোর্সে ভরতির বিজ্ঞপ্তি কখন বেরোয়? প্রার্থী বাছাইয়ের জন্য এন্ট্রান্স টেস্ট দিতে হয়? — স্বাতী বিশ্বাস, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।

■■ সরকারিভাবে বিজ্ঞপ্তি বেরোবে মে-জুন মাস নাগাদ। প্রার্থী বাছাইয়ের এন্ট্রান্স টেস্ট হয় সাধারণত জুলাই মাস নাগাদ।

## স্কুল সার্ভিসের

■ স্কুল সার্ভিস কমিশনের ক্লার্ক ও গ্রুপ-ডি পদের দরখাস্তে থানার নাম লিখিনি। অসুবিধা হবে কি? — তোতন সরকার, মুলগ্রাম, কুমারগঞ্জ, দক্ষিণ দিনাজপুর।

■■ না, অসুবিধা হবে না।

■ আপার প্রাইমারির বিজ্ঞপ্তি কি ভোটের আগে বেরোবে? — প্রদীপ সরকার, ধুবুলিয়া, নদিয়া।

■■ আপাতত বিজ্ঞপ্তি বেরোনোর খবর নেই।

■ স্কুল সার্ভিস কমিশনের স্পেশাল এডুকেটর পদের দরখাস্ত করার শেষ তারিখ কি বাড়ানো হবে? — মৃন্ময় ভুঁইয়া, ঘোষপুর, ন্যাজাট, উত্তর ২৪ পরগনা।

■■ না।

■ এবছর আপার প্রাইমারির বিজ্ঞপ্তি বেরোবে কি? না যারা আপার প্রাইমারি 'টেট' পাশ করে আছেন, তাঁদের নিয়োগ হবে? — রহিদুল শেখ, কুটিরঘাট লেন, শান্তিপুর, নদিয়া।

■■ আপার প্রাইমারির 'টেট'এর বিজ্ঞপ্তি এবছর বেরোবে। তবে কবে বেরোবে তা এখনো ঠিক হয়নি। অন্যদিকে, যাঁরা আপার প্রাইমারি 'টেট' পাশ করে আছেন, তাঁদের নিয়োগের বিষয়ে এখনো কিছু সিদ্ধান্ত হয়নি।

■ স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে কি? — অভিজিৎ পাল, সুভাষ নগর, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।

■■ না।

■ ডিগ্রি কোর্স পাশ ও ডি.এল.এড. করা আছে। আপার প্রাইমারির পরীক্ষা দিতে পারব কি? — শিবশঙ্কর হেমব্রম, ডেবরা, পশ্চিম মেদিনীপুর।

■■ হ্যাঁ, পারবেন।

## ডাক বিভাগের

■ গ্রামীণ ডাক সেবক পদের যে বিজ্ঞপ্তি বেরিয়েছে, তাতে প্রার্থী বাছাইয়ের জন্য কি কোনো পরীক্ষা হবে না, সরাসরি নিয়োগ হবে? — কুন্তল ঘোষ, বেড়াবেড়ি, সিঙ্গুর, হুগলি।

■■ গ্রামীণ ডাক সেবক পদের জন্য প্রার্থী বাছাই হয় মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। কোনো লিখিত পরীক্ষা হয় না।

## অন্যান্য চাকরির

■ সরকারি চাকরির প্রস্তুতি নিচ্ছি। 'যুবসাথী' প্রকল্পে মাসে ১,৫০০ টাকা নিয়ে থাকলে পরে চাকরির ক্ষেত্রে কোনো অসুবিধা হবে কি? — রাজা রায়, ঘাটবাওড়, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।

■■ না, কোনো অসুবিধা হবে না।

■ কলকাতা হাই কোর্টে লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদের প্রিলিমিনারি পরীক্ষা হয়েছিল ২০২৪ সালের ২৯ সেপ্টেম্বর। ফল বেরিয়েছিল ২০২৫ সালের জানুয়ারি মাস নাগাদ। মেনস পরীক্ষা কবে হবে? মেনস পরীক্ষায় কী কী বিষয় থাকবে? — চন্দন পুরকাইত, বৈদ্যনাথপুর, বাগনান, হাওড়া।

■■ মেনস পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। এই পার্টে থাকবে : অ্যারিথমেটিক-১০০ নম্বর, ইংরিজি প্রবন্ধ লেখা ও প্রেসি লেখা-১০০ নম্বর, জেনারেল নলেজ -১০০ নম্বর। সময় থাকবে ৩ ঘন্টা।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| প্রতিরক্ষা কারখানায় অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক | ৩,৯৭৭ | ৩-৩-২৬ | https://recruit-gov.com |
| UPSC-র সিভিল সার্ভিস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | ৯৩৩ | ২৪-২-২৬ | www.upsconline.gov.in |
| নেভিতে অফিসার | গ্র্যাজুয়েট | ২৬০ | ২৪-২-২৬ | www.joinindiannavy.gov.in |
| রেলে গ্রুপ-ডি | মাধ্যমিক, ITI পাশ | ২২,০০০ | ২-৩-২৬ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইটে পাবেন |
| সি.এস.আই.আর-এ টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট | ৮০ | ২৩-২-২৬ | www.ccmb.res.in |
| UPSC-র ফরেস্ট সার্ভিস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | ৮০ | ২৪-২-২৬ | www.upsconline.gov.in |
| পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ৫,১৩৮ | ২৪-২-২৬ | https://pnbindia.in |
| পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ সংস্থায় টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস | ITI, ডিপ্লোমা, গ্র্যাজুয়েট | ১৩৮ | ২৭-২-২৬ | https://nats.education.gov.in |
| সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে ক্লার্ক | গ্র্যাজুয়েট | ২১ | ২৭-২-২৬ | www.sanskrit.nic.in |
| ব্যাঙ্ক অফ বরোদায় ম্যানেজার | গ্র্যাজুয়েট | ১৭৭ | ২৬-২-২৬ | www.bankofbaroda.bank.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | মার্চ - এপ্রিল | www.wbpsc.gov.in |
| স্কুল সার্ভিস গ্রুপ-সি পরীক্ষা | ১ মার্চ, ২০২৬ | www.wbpsc.gov.in |
| স্কুল সার্ভিস গ্রুপ-ডি পরীক্ষা | ৮ মার্চ, ২০২৬ | www.wbpsc.gov.in |
| UPSC-র NDA & NA (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র CDS (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ২৩ ফেব্রুয়ারি থেকে | https://ssc.gov.in |
| রিজার্ভ ব্যাঙ্কে অফিস অ্যাটেন্ড্যান্ট | ২৮ ফেব্রুয়ারি, ১ মার্চ | www.rbi.org.in |
| শিলিগুড়ি, হাওড়া, উত্তর দিনাজপুর প্রাইমারি স্পেশাল এডুকেটর পদের পরীক্ষা | ২২ ফেব্রুয়ারি | www.wbbpeonline.com |
| পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের মেনস পরীক্ষা | ২২ ফেব্রুয়ারি | https://prb.wb.gov.in |
| কোচবিহার জেলার প্রাইমারির ইন্টারভিউ | ২৪ -২৭ ফেব্রুয়ারি | www.wbbpeonline.com |
| UPSC-র Civil Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Forest Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |

www.skillbangla.in

# স্কুল সার্ভিস গ্রুপ 'সি' (ক্লার্ক) স্পেশাল

## স্কুল সার্ভিস গ্রুপ 'সি' (ক্লার্ক)



স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি (ক্লার্ক) পদের পরীক্ষা হবে ১ মার্চ। প্রার্থী বাছাইয়ের জন্য ১০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৬০ নম্বর, অ্যাকাডেমিক স্কোরে থাকবে ১০ নম্বর, অভিজ্ঞতার জন্য থাকবে ৫, ওরাল ইন্টারভিউয়ে থাকবে ১০ নম্বর, কম্পিউটার টাইপিং টেস্ট ও কম্পিউটার দক্ষতার পরীক্ষায় থাকবে ১৫ নম্বর। ৬০ নম্বরের লিখিত পরীক্ষায় ৬০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে: (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০ নম্বর, (২) জেনারেল ইংলিশ - ১০ নম্বর, (৩) লজিক্যাল রিজনিং - ১০ নম্বর, (৪) অ্যারিথমেটিক - ২০ নম্বর। প্রশ্ন হবে বাংলায়। সময় থাকবে ১ ঘণ্টা ৫০ মিনিট। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি করেছেন প্রতিযোগিতামূলক পরীক্ষার বিশেষজ্ঞ **চঞ্চল ঘোষ**।

1. 2025 সালে 'অ্যাবেল পুরস্কার' পেয়েছেন কে?
(A) মঞ্জুল ভার্গব (B) চন্দ্র শেঠি (C) টেরেন্স টাও (D) মাসাকি কাশিওয়ারা

2. মৌর্য বংশের পর কোন বংশ মগধের সিংহাসনে বসে?
(A) শুঙ্গ (B) নন্দ (C) কন্ধ (D) গুপ্ত

3. ভারতের কোন রাজ্যের মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন ইউমনাম খেমচাঁদ সিং?
(A) নাগাল্যান্ড (B) মণিপুর (C) ত্রিপুরা (D) মেঘালয়

4. 'দেওয়ান-ই-কোহি' হল —
(A) রাজস্ব আদায় দফতর (B) কৃষি দফতর (C) জনকল্যাণ দফতর (D) ধর্মীয় সংক্রান্ত দফতর

5. জেলা আদালতের বিচারপতিদের কে নিয়োগ করেন?
(A) রাজ্যপাল (B) মুখ্যমন্ত্রী (C) ভারতের প্রধান বিচারপতি (D) রাষ্ট্রপতি

6. কোন দু'টি তারিখে 'বিষুব' সংঘটিত হয়?
(A) 23 সেপ্টেম্বর ও 22 ডিসেম্বর (B) 21 মার্চ ও 23 সেপ্টেম্বর (C) 21 মার্চ ও 21 জুন (D) 21 জুন ও 23 সেপ্টেম্বর

7. দু'টি স্তূপ পর্বতের মধ্যবর্তী অংশকে কী বলে?
(A) ধাপ (B) ক্রেটার লেক (C) গ্রস্ত উপত্যকা (D) ক্যালডেরা

8. CPU-এর পূর্ণরূপ কী?
(A) Central Process Unit (B) Computer Processing Unit (C) Central Processing Unit (D) Core Processing Unit

9. নিচের কোনটি একটি ইনপুট ডিভাইস?
(A) মনিটর (B) প্রিন্টার (C) স্পিকার (D) কীবোর্ড

10. 'হাম্পি' শহরটি কোন নদীর তীরে অবস্থিত?
(A) কালী (B) কৃষ্ণা (C) তুঙ্গভদ্রা (D) কাবেরী

11. ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় নিচের কোন বিষয়ের উল্লেখ নেই?
(A) ন্যায় (B) সৌভ্রাতৃত্ব (C) সম-মর্যাদা (D) প্রাপ্তবয়স্কের ভোটাধিকার

12. 'উগাদি' উৎসব পালিত হয় ভারতের কোন রাজ্যে?
(A) তামিলনাড়ু (B) অন্ধ্র প্রদেশ ও কর্ণাটক (C) ওড়িশা (D) পঞ্জাব

13. মেধা পাটকর কোন পরিবেশ আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন?
(A) অপ্পিকো আন্দোলন (B) নর্মদা বাঁচাও আন্দোলন (C) চিপকো আন্দোলন (D) সাইলেন্ট ভ্যালি আন্দোলন

14. 'চাপরামারি বন্যপ্রাণী অভয়ারণ্য' পশ্চিমবঙ্গের কোন জেলায় অবস্থিত?
(A) জলপাইগুড়ি (B) কোচবিহার (C) শিলিগুড়ি (D) মালদা

15. কোন সালে ভারত প্রথম T-20 বিশ্বকাপ জিতেছিল?
(A) 2003 (B) 2007 (C) 2009 (D) 2005

16. 'পাগলা দাশু' চরিত্রটির স্রষ্টা কে?
(A) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী (B) লীলা মজুমদার (C) সুখলতা রাও (D) সুকুমার রায়

17. 'বিশ্ব জল দিবস' কবে পালিত হয়?
(A) 21 মার্চ (B) 27 মার্চ (C) 22 মার্চ (D) 30 মার্চ

18. ভারতের উত্তরতম বিন্দুর নাম কী?
(A) ইন্দিরা হাইটস (B) ইন্দিরা কল (C) ইন্দিরা পয়েন্ট (D) কোনোটিই নয়

19. ভারতীয় সংবিধানের কোন ধারাটি পঞ্চায়েত সম্পর্কিত?
(A) আর্টিক্যাল 39 (B) আর্টিক্যাল 45 (C) আর্টিক্যাল 41 (D) আর্টিকাল 40

20. 'Why Bharat Matters' বইটির লেখক কে?
(A) রঘুরাম রাজন (B) এস. জয়শংকর (C) প্রণব মুখোপাধ্যায় (D) শশী থারুর

21. Choose the correct meaning of the following idiom
To flog a dead horse
(A) To waste the efforts (B) To accept the challange (C) To make the best use of resources (D) To complete the work

22. Find the Synonym of the given word.
Esteem
(A) Respect (B) Enmity (C) Elegance (D) Famous

23. Find the antonym of the given word.
Flimsy
(A) Weak (B) Tiny (C) Strong (D) Clumsy

24. Fill in the blank with appropriate word.
'And —— to go before I sleep'
(A) distance (B) path (C) miles (D) way

25. Choose the proper preposition to fill in the blanks.
The shops are open ——— 9 AM to 5 PM.
(A) for (B) from (C) at (D) on

26. Select the incorrectly spelt word.
(A) Matriculation (B) Humorous (C) Addmission (D) Prohibition

27. Select one option that corrects the error in the given sentence.
He ran quick to catch the bus.
(A) quick (B) rapid (C) insipid (D) quickly

28. He ——— living in Delhi for ten years when I went there.
(A) was been (B) were (C) had been (D) is

29. 'I have done my duty' —— which tense is this?
(A) Present Indefinite (B) Present Perfect (C) Past Perfect (D) Past Indefinite

30. Had you (1) / not reached in time (2) / we will have (3) / lost our lives (4)
Which part of the sentence has an error?
(A) 1 (B) 2 (C) 3 (D) 4

31. পরীক্ষায় পাশ করতে 975 পেতে হবে। যদি প্রিয়া 870 নম্বর পায় ও 7% নম্বরের জন্য ফেল করে, তবে মোট কত নম্বরের পরীক্ষা হয়েছে?
(A) 1000 (B) 1200 (C) 1500 (D) 1400

32. 5050 টাকা শপিং করায় গ্রাহককে দু'টি স্কিমে ছাড় দেওয়া হলে বিক্রয়মূল্যের পার্থক্য কত টাকা হবে, যদি প্রথম ছাড় 20% ও দ্বিতীয় ছাড় একটি ক্রমিক ছাড় 15% ও 5% হয়?
(A) 975.75 (B) 1010 (C) 37.875 (D) 47.225

33. 10 জন লোক দৈনিক 7 ঘণ্টা করে কাজ করে কোনো কাজ 8 দিনে শেষ করে। যদি 8 জন লোক ওই কাজ 14 দিনে শেষ করতে চায়, তাহলে প্রত্যেককে দৈনিক কত ঘণ্টা কাজ করতে হবে?
(A) 4 (B) 5 (C) 6 (D) $4\frac{1}{2}$

34. একজন মা ও তার ছয় সন্তানের বয়সের গড় 12 বছর। মায়ের বয়স বাদ দিলে সেই গড় 5 বছর কমে যায়। মায়ের বয়স কত বছর?
(A) 40 (B) 48 (C) 50 (D) 42

35. যদি $2^3 \times 3^4 \times 1080 \div 15 = 6^x$ হয়, তাহলে x-এর মান নির্ণয় করুন।
(A) 4 (B) 6 (C) 8 (D) 2

36. 900 মিটার দৌড় প্রতিযোগিতায় সতীশ, কিরণকে 270 মিটারে ও রাহুলকে 340 মিটারে পরাজিত করে। তাহলে কিরণ, রাহুলকে একই প্রতিযোগিতায় কত মিটারে পরাজিত করে?
(A) 70 (B) 100 (C) 20 (D) 140

37. একটি আসল নির্দিষ্ট সরল সুদের হার 14 বছরে সাত গুণ হবে। একই সুদের হারে 18 গুণ হবে কত বছরে?
(A) 27.33 (B) 39.67 (C) 42.78 (D) 35.5

38. এক ব্যক্তি 120 কিলোমিটার দূরত্ব 20 ঘণ্টায় অতিক্রম করে। সে সম্পূর্ণ পথের অর্ধাংশ $\frac{3}{5}$ অংশ সময়ে অতিক্রম করে থাকলে, বাকি অংশের ক্ষেত্রে তার গতিবেগ কত কিলোমিটার / ঘণ্টা ছিল?
(A) 15 (B) 6.5 (C) 7.5 (D) 10

39. $ax^2$, $a^2x^2$, $a^4x$-এর গ.সা.গু কত?
(A) $ax$ (B) $a^2x^2$ (C) $a^3x^3$ (D) $a^2x^3$

40. দু'টি স্টেশন x ও y-এর দূরত্ব 465 কিলোমিটার। একটি ট্রেন সকাল 10টায় x থেকে y অভিমুখে 65 কিলোমিটার / ঘণ্টা বেগে যাত্রা শুরু করল। আরেকটি ট্রেন সকাল 11টায় y থেকে x অভিমুখে 35 কিলোমিটার / ঘণ্টা বেগে যাত্রা শুরু করল। কটার সময় দু'টি ট্রেন মিলিত হবে?
(A) 2 PM (B) 5 PM (C) 4 PM (D) 3 PM

41. $9-1\frac{2}{9}$ এর $3\frac{3}{11}+5\frac{1}{7}$ এর $\frac{7}{9}$ = ?
(A) 11 (B) 8 (C) 9 (D) 7

42. একটি পাত্রে জল ও স্পিরিটের মিশ্রণ আছে, যার মধ্যে 18% হল স্পিরিট। যদি 8 লিটার মিশ্রণ তুলে নিয়ে সেটি জল দিয়ে পূর্ণ করা হয়, তাহলে স্পিরিটের শতকরা হার হয় 15%. পাত্রটিতে সর্বোচ্চ কত পরিমাণ স্পিরিট ধরে?
(A) 64 লিটার (B) 42 লিটার (C) 48 লিটার (D) 56 লিটার

43. একজন দোকানদার একটি রেডিও বিক্রি করে ধার্যমূল্যের ওপর 15% ছাড় দিয়েও 25% লাভ করে। ধার্যমূল্য ও ক্রয়মূল্যের অনুপাত কত?
(A) 17 : 25 (B) 25 : 27 (C) 27 : 25 (D) 25 : 17

44. কোনো সংখ্যার 4 ভাগের 1 ভাগ ওই সংখ্যার 30% থেকে 10 কম হলে সংখ্যাটি কত?
(A) 160 (B) 250 (C) 200 (D) 80

45. একটি প্রশ্নপত্রে 100টি 2 নম্বরের প্রশ্ন আছে। প্রতিটি সঠিক উত্তরের জন্য 2 নম্বর দেওয়া হবে আর ভুল উত্তরের জন্য 1 নম্বর কাটা হবে। একজন সবক'টি উত্তর করে 80 নম্বর পেল। ছাত্রটি ক'টি প্রশ্নের সঠিক উত্তর করেছিল?
(A) 60 (B) 70 (C) 65 (D) 75

46. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4. তাদের ল.সা.গু 240. সংখ্যা দু'টির মধ্যে ক্ষুদ্রতম সংখ্যাটি হল —
(A) 100 (B) 80 (C) 60 (D) 50

47. লবণ ও জলের দ্রবণে 12% লবণ আছে। এরকম 8 লিটার দ্রবণ থেকে 2 লিটার বাষ্পীভূত হলে অবশিষ্ট দ্রবণে লবণের শতকরা হার কত হবে?
(A) 20% (B) 18% (C) 16% (D) 14%

48. কোনো ভগ্নাংশের লব থেকে হর 3 বেশি ও লবের সঙ্গে 7 যোগ করলে ভগ্নাংশটি 1 বেড়ে যায়। ভগ্নাংশটি নির্ণয় করুন।
(A) $\frac{2}{5}$ (B) $\frac{8}{11}$ (C) $\frac{4}{7}$ (D) $\frac{1}{4}$

49. একটি স্কুলের ছাত্রদের 15 জন, 18 জন বা 24 জন করে সমসারিতে দাঁড় করানো যায় ও তাদেরকে দিয়ে পূর্ণবর্গক্ষেত্রও তৈরি করা যায়। স্কুলে ন্যূনতম কতজন ছাত্র থাকতে পারে?
(A) 900 (B) 1600 (C) 2500 (D) 3600


50. মোহিত কোনো সংখ্যাকে 2 দিয়ে ভাগ করার জায়গায় 2 দিয়ে গুণ করলে যে সংখ্যা পাওয়া যায়, তা প্রকৃত সংখ্যার কত শতাংশ?
(A) 200 (B) 300 (C) 50 (D) 400

51. সোমা হল দীপের মা। আবার সোমা হল রমেশের বোন আর রমেশ হল চন্দ্রার ভাই। দীপ, চন্দ্রার কে হয়?
(A) ভাইপো (B) কাকার ছেলে (C) বোনপো (D) ভাই

52. একটি লাইনে মোট 52 জন দাঁড়িয়ে আছে। রাম, শ্যামের 18 জনের আগে আছে। শ্যাম শেষ থেকে 13তম স্থানে আছে। রাম সামনের থেকে কত জনের পিছনে আছে?
(A) 20 (B) 21 (C) 22 (D) 19

53. একটি নির্দিষ্ট কোডে FLOWER-এর কোড হয় 'UOLDVI' তাহলে 'FMRJFV'-এর কোড কী হবে?
(A) TMGPTO (B) UNIQUE (C) ELQIEU (D) EUQINU


54. প্রশ্নবোধক স্থানে কী বসবে?





(A) 43 (B) 23 (C) 33 (D) 53

55. **Statements :**
সব কাগজ হয় ব্যাগ।
কোনো ব্যাগই সবুজ নয়।
**Conclusions :**
I. কোনো কাগজই সবুজ নয়।
II. কিছু কাগজ হয় সবুজ।
III. কিছু সবুজ হয় কাগজ।
IV. কিছু ব্যাগ হয় কাগজ।
(A) I ও II সঠিক (B) II ও III সঠিক (C) শুধু I ও III সঠিক (D) শুধু I ও IV সঠিক

56. **Question figures :**



(A) (B) (C) (D)



57. নিচের সংখ্যাগুলির মধ্যে বিষম সংখ্যাটি নির্ণয় করুন।
8, 27, 64, 100, 125, 216, 343
(A) 27 (B) 343 (C) 125 (D) 100

58. কোন একটিমাত্র অক্ষর নীচের প্রত্যেকটি শব্দের পরে বসে প্রতিটি ক্ষেত্রে অর্থপূর্ণ শব্দ তৈরি করবে?
HAT, BAR, BAT, PIN, BATH
(A) E (B) O (C) U (D) A

59. নিচের শব্দগুলির মধ্যে কোনটি PHOTOSYNTHETIC শব্দটির অক্ষর দিয়ে তৈরি করা সম্ভব নয়?
(A) THOSE (B) PRONE (C) COTTON (D) SCENT

60. যদি 1 + 4 = 9, 2 + 8 = 18, 3 + 6 = 15 হয়, তাহলে 7 + 8 এর মান কত হবে?
(A) 41 (B) 30 (C) 32 (D) 23

## চটপট উত্তরের কৌশল

1(D). 2(A). 3(B). 4(B). 5(A). 6(B). 7(C). 8(C). 9(D). 10(C). 11(D). 12(B). 13(B). 14(A). 15(B). 16(D). 17(C). 18(B). 19(D). 20(B). 21(A). 22(A). 23(C). 24(C). 25(B). 26(C). 27(D). 28(C). 29(B). 30(C).

31(C). 7% = (975 − 870) = 105 নম্বর

তাহলে 100% = $\left(\frac{105}{7}\times 100\right)$ = 1500 নম্বর।

32(C). প্রথম ছাড় দেওয়া বিক্রয়মূল্য $\left\{5050\times\frac{(100-20)}{100}\right\}$ টাকা = 4040 টাকা।

দ্বিতীয় ছাড় দেওয়ার পর বিক্রয়মূল্য

www.skillbangla.in

# স্কুল সার্ভিস গ্রুপ 'সি' (ক্লার্ক)

$5050 \times \left(\frac{100-15}{100}\right) \times \left(\frac{100-5}{100}\right)$ টাকা

$= \left(5050 \times \frac{17}{20} \times \frac{19}{20}\right) = 4077.875$ টাকা।

তাহলে দু'টি বিক্রয়মূল্যের পার্থক্য (4077.875 – 4040) টাকা = 37.875 টাকা।

**33(B).** মনে করি, x ঘন্টা করে কাজ করতে হবে।
প্রশ্নানুসারে, $10 \times 7 \times 8 = 8 \times 14 \times x$

বা, $x = \frac{10 \times 7 \times 8}{8 \times 14} = 5$ ঘন্টা

**34(D).** মা ও 6 সন্তানের মোট বয়স 12 × 7 = 84 বছর। মায়ের বয়স বাদ দিলে 6 সন্তানের মোট বয়স (12–5) × 6 = 42 বছর। তাহলে মায়ের বয়স (84 – 42) = 42 বছর।

**35(B).** $2^3 \times 3^4 \times 1080 \div 15 = 6^x$

বা, $6^x = \frac{2^3 \times 3^4 \times 1080}{15}$

বা, $6^x = 2^3 \times 3^4 \times 72$ বা, $6^x = 2^3 \times 3^4 \times 2^3 \times 3^2$

বা, $6^x = 2^6 \times 3^6$ বা, $6^x = 6^6$

বা, x = 6

**36(B).** সতীশ যখন 900 মিটার যায়, তখন কিরণ (900 – 270) = 630 মিটার যায়, ও রাহুল (900 – 340) = 560 মিটার যায়।

তাহলে কিরণ ও রাহুলের গতিবেগের অনুপাত $\frac{630}{560} = \frac{9}{8}$

তাহলে কিরণ 900 মিটার গেলে রাহুল 800 মিটার যাবে।
তাহলে কিরণ, রাহুলকে (900 – 800) = 100 মিটারে হারাবে।

**37(B). 38(C).** সম্পূর্ণ পথের অর্ধাংশ $\frac{120}{2} = 60$ কিলোমিটার

অতিক্রম করতে সময় লাগে $\left(20 \times \frac{3}{5}\right) = 12$ ঘন্টা।


তাহলে বাকি পথ (120–60) = 60 কিমি.।
বাকি সময় (20–12) = 8 ঘন্টা।

তাহলে বাকি পথ অতিক্রমে গতিবেগ $\frac{60}{8} = 7.5$ কিলোমিটার / ঘন্টা।


**39(A).** $ax^2$, $a^2x^2$, $a^4x$ রাশিগুলিতে a-এর সর্বনিম্ন ঘাত 1 ও x-এর সর্বনিম্ন ঘাত 1. তাহলে রাশিমালাগুলির গ.সা.গু = ax.

**40(D). 41(B). 42(C). 43(D). 44(C). 45(A). 46(C). 47(C). 48(C). 49(D). 50(D).**

**51(C).**




**52(B).**





**53(B).** Alphabet ও স্থান

| | | |
|---|---|---|
| 6 12 15 23 5 18 | | 6 13 18 10 6 22 |
| F L O W E R | | F M R J F V |
| U O L D V I | | U N I Q U E |
| + 21 15 12 4 22 9 | | 21 14 9 17 21 5 |
| 27 27 27 27 27 27 | | 27 27 27 27 27 27 |

**54(C).** 15 + 9 + 8 = 32 – 10 = 22
3 + 22 + 4 = 29 – 10 = 19
6 + 7 + 30 = 43 – 10 = **33.**

**55(D).**




**56(D).**
**57(D).** 100 বাদে বাকি সংখ্যাগুলি পূর্ণঘন সংখ্যা।
**58(A).**
**59(B).** মূল শব্দে 'R' অক্ষরটি নেই।
**60(D).** 1 + 4 × 2 = 9, 2 + 8 × 2 = 18, 3 + 6 × 2 = 15
∴ 7 + 8 × 2 = **23.**

# ২২,৩৭১ AI বেসড ওয়েব ডিজাইনার

১ পাতার পর

অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা।

পদ : AI বেসড ওয়েব ডিজাইনার।

বিজ্ঞান শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, সায়েন্স গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১৫,০০০/- - ১৮,০০০/- টাকা।

**উভয় পদে আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।**

**ট্রেনিং কত দিনের ও কোথা থেকে নেবেন :** এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (অক্টোবর - ডিসেম্বর) রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৫৭,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **AI based Web Designer** ও **AI based Graphics Designer** এই ২ পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে **Web Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **Web Designer.** অন্যদিকে আজকের যুগে দাঁড়িয়ে, এমন কোনো কোম্পানি নেই যেখানে **UI/UX** ডিজাইনার লাগে না। একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। **UI (User Interface) / UX (User Experience)** ডিজাইন জিনিসটা ঠিক কী? UI ডিজাইন, অ্যাপ / ওয়েবসাইটের চেহারা (যেমন রঙ, ফন্ট, লেআউট) নিয়ে কাজ করে। আর UX ডিজাইন, ইউজার বা ব্যবহারকারীর অভিজ্ঞতাকে সহজ ও কার্যকর করে তোলে — যা Figma, Adobe XD-এর মত সফটওয়্যার বা টুলস ব্যবহার করে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং ও ইউজার টেস্টিং শেখানো হয়। অর্থাৎ এক কথায় এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। সোজা কথায় বলতে গেলে ডিজিটাল পন্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। সেইজন্য সারাবছর ধরে এই বিশেষ সেকশানের জন্য এত বেশি সংখ্যক লোক লাগে। naukri.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে গ্রাফিক্স ডিজাইনিংয়ের ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

**শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৬ থেকে ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে এই ২ পদে কয়েকশো চাকরি হয়।**

**এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে?**

উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — (১) একমাত্র এখানেই AI বেসড গ্রাফিক্স ডিজাইনিং ও ওয়েব ডিজাইনিংয়ের ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। **শুধুমাত্র উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে অথবা কমার্স / আর্টস / বিজ্ঞান / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা অন্য যেকোনো বিষয়ের নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েটরাও এই ট্রেনিং নিতে পারবেন। সঙ্গে শুধুমাত্র কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই,** যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে আবেদনের জন্য যোগ্য। (২) এখানে ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ **'ইউজার ইন্টারফেজ (UI)'** (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (৩) একমাত্র এখানেই **AI** বেসড ওয়েব ডিজাইনিং ও **AI** বেসড গ্রাফিক্স ডিজাইনিং এর ওপর ৬ - ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এছাড়াও একমাত্র এখানেই AI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT, Gemini মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৫) একমাত্র এই প্রতিষ্ঠানেই UI / UX ডিজাইনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Interactive Element', 'Minimalistic & Clean Design', 'Customised Mobile Frendly Design', 'Contrasting Colour'**-এর ব্যবহার আলাদাভাবে শেখানো হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজাইনিং কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও যেমন, Shopify, Wix বা Webflow -র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। (৮) এছাড়াও এখানে ৪টি **AI বেসড Prompt Command Tools** শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৯) একমাত্র এখানেই ওয়েব ডিজাইনিং ও UI / UX ডিজাইনিং একসঙ্গে শিখে 'কেরিয়ার এনহ্যান্সমেন্টে'র অভিনব সুযোগ আছে। অর্থাৎ, এখানে যাঁরা **UI / UX** ডিজাইনিং (শুরুতে মাইনে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা) ট্রেনিং-এর থেকে আরো ভালো প্যাকেজের চাকরি চান, তাঁরা **ওয়েব ডিজাইনিং (UI / UX ডিজাইন সহ)** ট্রেনিংও নিতে পারেন (তখন মাইনে হবে ১৫,০০০/- - ১৮,০০০/- টাকা) — এই সুযোগ অন্য কোথাও পাবেন না। এছাড়াও এই ট্রেনিং নেওয়া থাকলে ইন্ডাস্ট্রিতে আপনার কদর অনেকটাই বেড়ে যাবে। কারণ আপনি তখন, 'UI / UX ডিজাইনার' অথবা 'ওয়েব ডিজাইনার' দু'ভাবেই, যেকোনো বড় কর্পোরেট বা আইটি সংস্থায় উঁচু পদের জন্য সহজেই আবেদন করতে পারবেন। (১০) এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েটপাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই AI বেসড ওয়েব ডিজাইনিং শিখতে পারে। (১১) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। (১২) আইটি ইন্ডাস্ট্রি ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট Shopify এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালউরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (১৩) আমাদের এখানে সেরা সেরা **AI Web Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১৪) ওয়েব ডিজাইনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা গ্রাফিক্স ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (১৫) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৭) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

# ৪৪ স্ট্যাটিস্টিক্যাল অফিসার

১ পাতার পর

ছেলেমেয়েরা 'ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিসেস'এর পরীক্ষার জন্য আবেদন করতে পারেন। ওইসব বিষয় নিয়ে এবছর যাঁরা পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সের ফাইনাল পরীক্ষা দেবেন তাঁরাও আবেদন করার যোগ্য। শূন্যপদ : ২৮টি।

দুই সার্ভিসেস'এর বেলায় বয়স হতে হবে ১-৮-২০২৬'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৬ থেকে ১-৮-২০০৫'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. প্রার্থীরা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। শারীরিকভাবে সুস্থ থাকতে হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : 07/2026-IES/ISS. Dated: 11-02-2026.

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, ২০২৬ সালের 'ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস / ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস' পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে ৩ দিনের লিখিত পরীক্ষা। শুরু হবে ১৯ জুন থেকে। পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, কটক, দিসপুর (গুয়াহাটি), পটনা, শিলঙ। ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস পরীক্ষায় থাকবে দু'টি পার্ট। প্রথম পার্টে থাকবে এই ৬টি পেপার : (১) জেনারেল ইংলিশ— ১০০ নম্বর, (২) জেনারেল স্টাডিজ — ১০০ নম্বর, (৩) জেনারেল ইকনমিক্স -। — ২০০ নম্বর, (৪) জেনারেল ইকনমিক্স-।। — ২০০ নম্বর, (৫) জেনারেল ইকনমিক্স - ।।। — ২০০ নম্বর, (৬) ইন্ডিয়ান ইকনমিক্স — ২০০ নম্বর। সময় থাকবে প্রতিটি পেপারে ৩ ঘন্টা। ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিসেস পরীক্ষায় থাকবে এই ৬টি পেপার : (১) জেনারেল ইংলিশ — ১০০ নম্বর, (২) জেনারেল স্টাডিজ — ১০০ নম্বর, (৩) স্ট্যাটিস্টিক্স - । — ২০০ নম্বর, (৪) স্ট্যাটিস্টিক্স-।। — ২০০ নম্বর, (৫) স্ট্যাটিস্টিক্স-।।। — ২০০ নম্বর, (৬) স্ট্যাটিস্টিক্স -IV — ২০০ নম্বর। স্ট্যাটিস্টিক্স-। ও স্ট্যাটিস্টিক্স -।। বিষয়ের বেলায় প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। এই পেপারে ৮০টি প্রশ্ন হবে। প্রতিটি পেপারে থাকবে ২০০ নম্বর। সময় থাকবে ২ ঘন্টা। অন্যান্য সব পেপারেই প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। সময় থাকবে ৩ ঘন্টা। সফল হলে ২০০ নম্বরের ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.upsconline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন। তখন পরীক্ষা ফী বাবদ ২০০ (মহিলা, প্রতিবন্ধী ও তপশিলীদের ফী লাগবে না) টাকা নেট ব্যাঙ্কিং বা, ভিসা / মাস্টার কার্ড / ডেবিট কার্ডের মাধ্যমে দিতে পারেন, ৩ মার্চের মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

গত সপ্তাহের পর

**২২ নভেম্বর :** গলার স্বর ও মুখমণ্ডলের বায়োমেট্রিক পরীক্ষার মাধ্যমে পশুপাখির রোগনির্ণয়, জিনগত তথ্য ও উৎপাদন বৈশিষ্ট্যের খোঁজ মিলবে। এমনই তথ্য উঠে এসেছে পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্যবিজ্ঞান বিশ্ববিদ্যালয় আয়োজিত একটি সম্মেলনে। বিজ্ঞানীরা জানিয়েছেন, তথ্যপ্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা ও মেশিন লার্নিং পদ্ধতিকে কাজে লাগিয়ে পশুবিজ্ঞান ও চিকিৎসায় এই নতুন দিগন্তের খোঁজ মিলেছে।

❑ আইআইটি দিল্লি'তে দেশের প্রথম Gen-Z থিমযুক্ত পোস্ট অফিস চালু করল 'ইন্ডিয়া পোস্ট'। শিক্ষার্থীদের সহযোগিতায় তৈরি হওয়া এই স্থানটিতে আধুনিক নান্দনিকতা, ওয়াই-ফাই সক্ষম অঞ্চল, সৃজনশীল গ্রাফিতি ও আইআইটি ফাইন আর্টস সোসাইটির শিল্পকর্ম রয়েছে। এতে স্মার্ট সার্ভিস টাচ পয়েন্ট রয়েছে, যার মধ্যে রয়েছে কিউআর কোড ভিত্তিক পার্সেল বুকিং ও শিক্ষার্থী-বান্ধব স্পিড পোস্ট ডিসকাউন্ট ব্যবস্থা। এই পদক্ষেপটি একটি জাতীয় উদ্যোগের অংশ, যার লক্ষ্য ২০২৫ সালের ১৫ ডিসেম্বরের মধ্যে শিক্ষাগত ক্যাম্পাসে অবস্থিত ৪৬টি ডাকঘর সংস্কার করা।



জ্যোৎস্না চিনাপ্পাকে ৩-২ (১১-৮, ১১-১৩, ১১-৯, ৬-১১ ও ১১-৯) ব্যবধানে হারিয়ে, ২০২৫ সালে 'ইন্ডিয়ান ওপন' স্কোয়াশ মহিলাদের খেতাব জিতলেন আনাহাত সিং।

**২৩ নভেম্বর :** 'বিশ্ব বক্সিং'এর প্রেসিডেন্ট নির্বাচিত হলেন প্রাক্তন মিডলওয়েট চ্যাম্পিয়ন গেনাডি গোলভকিন।

❑ কলকাতার অন্যতম গর্ব গ্লোব সিনেমা ১০০ বছর পূর্ণ করল। ২৩ নভেম্বর দিনটিতেই আত্মপ্রকাশ করে গ্লোব সিনেমা। বিল্ডিংটির মূল কাঠের অপেরা হাউসটি ১৮৬৭ সালে প্রতিষ্ঠিত হয়। নাম ছিল 'বিজো গ্র্যান্ড অপেরা হাউস'। ১৯০৬ সালে অপেরা পরিবর্তিত হয় থিয়েটার হলে। তখনকার মালিক ই.এইচ.ডুকাস'এর থেকে কিনে নেন ই.এম.কোহেন। ১৯২০ সালে হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন হয়। ১৯২২ সালে সিনেমা দেখানো শুরু হয়। তার ৩ বছর পর, অর্থাৎ ১৯২৫ সালে নাম বদল হয়ে হয় 'গ্লোব সিনেমা'।

❑ পাঁচটি 'তখত'এর (তীর্থস্থান) মধ্যে সর্বসম্মতিক্রমে তিনটিকে পবিত্র নগরীর মর্যাদা দেওয়ার সিদ্ধান্ত নিল পঞ্জাব সরকার। এর মধ্যে রয়েছে - অমৃতসর, আনন্দপুর সাহেব ও তালওয়ান্দি সাবো। এর ফলে, এই শহরগুলিতে মাংস, মদ, তামাক ও অন্যান্য নেশাজাতীয় দ্রব্য বিক্রি নিষিদ্ধ করা হবে।


নেপালকে ৭ উইকেটে হারিয়ে, ২০২৫ সালে উদ্বোধনী 'দৃষ্টিহীনদের টোয়েন্টি-২০ মহিলা বিশ্বকাপ' জিতল ভারত।


❑ সেন্ট্রাল সার্বিয়ার প্রথম লিগে নিজের চূড়ান্ত নর্ম অর্জনের পর, ভারতের ২৬ তম মহিলা গ্র্যান্ডমাস্টার হলেন তেলেঙ্গানার ওরাঙ্গলের দাবাড়ু সরযু ভেলপুলা।

❑ ২০২৬ সালে 'অনূর্ধ্ব-১৯ ক্রিকেট বিশ্বকাপ' যৌথভাবে আয়োজন করবে জিম্বাবোয়ে ও নামিবিয়া।

❑ জাপানের ইউশি তানাকা'কে ২১-১৫ ও ২১-১১ ব্যবধানে হারিয়ে, ২০২৫ সালে সিডনিতে 'অস্ট্রেলিয়ান ওপন সুপার ৫০০' শিরোপা জিতলেন ভারতীয় শাটলার লক্ষ্য সেন।

❑ স্পেনকে ২-০ ব্যবধানে হারিয়ে, ২০২৫ সালে 'ডেভিস কাপ' জিতল ইতালি। এটি তাদের চতুর্থ তথা টানা তৃতীয় 'ডেভিস কাপ' শিরোপা জয়।

**২৪ নভেম্বর :** ভারতীয় নাগরিকদের জন্য দেশে ভিসামুক্ত প্রবেশের সুবিধা স্থগিত করল ইরান সরকার। সাম্প্রতিক মাসগুলিতে কয়েকজন ভারতীয়কে ভুয়ো চাকরির প্রলোভন দেখিয়ে ইরানে পাঠানো ও পরে মুক্তিপণ আদায়ের জন্য অপহরণ করা হওয়ায় এই পদক্ষেপ নেওয়া হয়েছে।


কিংবদন্তি অভিনেতা ধর্মেন্দ্র (৯০ বছর) মারা গেলেন। ৬ দশক ধরে অভিনয় জগতের সঙ্গে যুক্ত ছিলেন তিনি। তিনশোরও বেশি চলচ্চিত্রে অভিনয় করেন তিনি।

**২৫ নভেম্বর :** ২০২৫ সালে মর্যাদাপূর্ণ 'লোক নায়ক ফাউন্ডেশন' সাহিত্য পুরস্কারের জন্য নির্বাচিত হলেন বিশিষ্ট তেলুগু লেখক ও 'আন্ধ্রা বিশ্ববিদ্যালয়'এর তেলুগু বিভাগের প্রাক্তন প্রধান ভেলামলা সিম্মান্না। এবছরের ১৮ জানুয়ারি এই পুরস্কার দেওয়া হয়েছে।

❑ ২০২৬ সালে 'আইসিসি পুরুষদের টোয়েন্টি-২০ বিশ্বকাপ'এর টুর্নামেন্ট দূত হিসাবে নিযুক্ত হলেন রোহিত শর্মা। ২০২৬ সালের ৭ ফেব্রুয়ারি থেকে ৮ মার্চ এই মর্যাদাপূর্ণ অনুষ্ঠানটি যৌথভাবে আয়োজন করবে ভারত ও শ্রীলঙ্কা।

❑ লিমিংটন স্পা'এ, ১৩.৫/১৫ স্কোর করে 'যুক্তরাজ্যের মহিলা ব্লিৎজ চ্যাম্পিয়নশিপ' জিতল ১০ বছর বয়সি ভারতীয় বংশোদ্ভূত দাবাড়ু বোধনা শিবানন্দন। এর ফলে, এখন বিশ্বব্যাপী শীর্ষ ৫০ জন মহিলা ব্লিৎজ খেলোয়াড়ের মধ্যে স্থান পেল সে।

❑ চাইনিজ তাইপেইকে ৩৫-২৮ ব্যবধানে হারিয়ে, ২০২৫ সালে 'মহিলাদের কাবাডি বিশ্বকাপ' জিতল ভারতের মহিলা কাবাড়ি দল।

**২৬ নভেম্বর :** মঙ্গল গ্রহের সঙ্গে নাম জুড়ল কেরলের। গ্রহটির জাম্বে টেরা অঞ্চলে থাকা ৩,৫০০ কোটি বছরের পুরনো এক গর্তের নামকরণ করা হল প্রবাদপ্রতিম ভারতীয় জিওলজিস্ট এম.এস.কৃষ্ণাণ'এর নামে। গর্তের ভিতরের সমভূমির নাম 'কৃষ্ণাণ প্যালাস' আর তার লাগোয়া উপত্যকা 'পেরিয়ার ভ্যালিস' নামে পরিচিত হবে। এছাড়াও এর আশেপাশের ছোট ছোট গর্তগুলির নামকরণ করা হয়েছে কেরলের বিখ্যাত স্থানগুলির নামানুসারে : ভালিয়ামালা, থুম্বা, বেকাল ও ভারকালা। 'ইন্টারন্যাশনাল অ্যাস্ট্রোনমিক্যাল ইউনিয়ন' এই নামগুলিতে অনুমোদন দিয়েছে।

❑ ২০২৫ সালে রাষ্ট্রসঙ্ঘের 'ওয়ার্ল্ড আরবানাইজেশন প্রসপেক্টস' প্রতিবেদন অনুযায়ী, জাপানের রাজধানী শহর টোকিওকে পিছনে ফেলে বিশ্বের সবথেকে জনবহুল শহরের তকমা পেল ইন্দোনেশিয়ার রাজধানী শহর জাকার্তা। এখন এই শহরের জনসংখ্যা প্রায় ৪.২ কোটি। অন্যদিকে, ৪ কোটি জনসংখ্যা নিয়ে এই তালিকায় দ্বিতীয় স্থানে উঠে এসেছে বাংলাদেশের রাজধানী শহর ঢাকা। ৩.৩ কোটি জনসংখ্যা নিয়ে তালিকায় তৃতীয় স্থানে নেমে এসেছে টোকিও। এছাড়াও, এই রিপোর্ট অনুযায়ী, বিশ্বের সবথেকে জনবহুল মেগাসিটিগুলির তালিকায় ৪ নম্বরে রয়েছে নয়াদিল্লি। শহরটির জনসংখ্যা এখন ৩ কোটি ২ লাখ।

❑ ২০৩০ সালের 'কমনওয়েলথ গেমস' আয়োজনের সরকারি দায়িত্ব পেল ভারত। শতবর্ষের কমনওয়েলথ গেমস হবে ভারতের আহমেদাবাদে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১০ সালেও ভারতে হয়েছিল কমনওয়েলথ গেমস। সেবার আয়োজনের দায়িত্বে ছিল দিল্লি। আবার ২০ বছর পর সেই গেমসই ফিরছে ভারতে।

❑ দাবার বিশ্বমঞ্চে নতুন নজির গড়লেন উজবেক-ই-স্তানের দাবাড়ু জাভোখির সিন্দারভ। এদিন, মাত্র ১৯ বছর বয়সে ফিডে বিশ্বকাপ জিতে এই নজির গড়েন তিনি। এ যাবৎকালের সর্বকনিষ্ঠ চ্যাম্পিয়ন তিনি। গোয়ায়, চিনের দাবাড়ু ওয়ে ই'কে টাইব্রেকে হারিয়ে এই শিরোপা জেতেন তিনি।

❑ 'অফিশিয়াল কালার পার্টনার' হিসাবে, 'ভারতীয় ক্রিকেট বোর্ড'এর সঙ্গে চুক্তিবদ্ধ হল 'এশিয়ান পেইন্টস'। আগামী ৩ বছর বোর্ডের সঙ্গে চুক্তি থাকবে এই রং প্রস্তুতকারক সংস্থার। ওইসময় ভারতের মাটিতে ভারতীয় পুরুষ দল, মহিলা দল ও ঘরোয়া ক্রিকেটে মোট ১১০টি ম্যাচের জন্য চুক্তিবদ্ধ থাকবে তারা।

❑ ২০২৬ সালে 'উইমেন প্রিমিয়র লিগ'এ সবথেকে বেশি ৩ কোটি ২০ লাখ টাকায় বিক্রি হলেন ভারতীয় সুপারস্টার দীপ্তি শর্মা। তাঁকে দলে নিয়েছে 'ইউপি ওয়ারিয়র্স'। 'উইমেন্স প্রিমিয়র লিগ'এর ইতিহাসে দ্বিতীয় সর্বাধিক দামি খেলোয়াড় দীপ্তি। এর আগে, টুর্নামেন্টের উদ্বোধনী সংস্করণে সবথেকে বেশি ৩ কোটি ৪০ লাখ পেয়েছিলেন স্মৃতি মন্ধানা। তাঁকে কিনেছিল আরসিবি।

**২৭ নভেম্বর :** ৯৮ তম 'আকাদেমি অ্যাওয়ার্ডস'এর (অস্কার ২০২৬) জন্য নমিনেশন তালিকায় জায়গা করে নিল ভারতের মাইথোলজিক্যাল অ্যানিমেটেড চলচ্চিত্র 'মহাবতার নরসিংহ'। প্রাথমিকভাবে নির্বাচিত ৩৫টি চলচ্চিত্রের তালিকায় জায়গা করে নিল অশ্বিন কুমার পরিচালিত এই চলচ্চিত্র। 'সেরা অ্যানিমেটেড ফিচার চলচ্চিত্র'এর বিভাগে প্রতিদ্বন্দ্বিতা করবে এটি।

❑ বিশ্বের প্রথম কৃত্রিম ভাসমান দ্বীপ তৈরি করছে চিন, যা পারমাণবিক বিস্ফোরণ-সহ সব ধরনের চরম প্রাকৃতিক দুর্যোগ সহ্য করতে পারবে। দ্বীপটির ওজন হবে ৭৮,০০০ টন। ২০২৮ সালে এটি পুরোপুরিভাবে চালু হয়ে যাবে বলে মনে করা হচ্ছে। দ্বীপটি ৬-৯ মিটার উচ্চতার বড় ঢেউ ও ক্যাটেগরি ১৭ পর্যন্ত শক্তিশালী ঘূর্ণিঝড় সহ্য করতে প্যরবে। এটি চলনযোগ্য, অর্ধ-ডুবন্ত, টুইন-হাল প্ল্যাটফর্ম, যা ৪ মাস পর্যন্ত ২৩৮ জন মানুষকে কোনোকিছু সরবরাহ ছাড়াই আশ্রয় দিতে সক্ষম। দ্বীপটির দৈর্ঘ্য হবে ১৩৮ মিটার ও প্রস্থ হবে ৮৫ মিটার আর এটির প্রধান ডেক সমুদ্রপৃষ্ঠ থেকে ৪৫ মিটার উঁচুতে উঠবে। প্রকল্পটির প্রধান বিজ্ঞানী লিন ঝংকুইন। সরকারিভাবে এই দ্বীপের নাম দেওয়া হয়েছে 'ডিপ-সি অল-ওয়েদার রেসিডেন্ট ফ্লোটিং রিসার্চ ফ্যাসিলিটি'।

❑ ২০২৫ সালে আবুধাবিতে, 'ওয়ার্ল্ড প্রফেশনাল জিউ-জিৎসু চ্যাম্পিয়নশিপ'এ ব্রঞ্জ পদক জিতে ইতিহাস গড়লেন ১০ বছর বয়সি ভারতীয় ক্রীড়াবিদ জিওভান্না ডি সিকেইরা। ২৮ কেজির কম বয়সি শিশু/বালিকা (জিআই) বিভাগে প্রতিদ্বন্দ্বিতা করেন তিনি।

**২৮ নভেম্বর :** ২০২৫ সালে 'সিএনএন-নিউজ১৮ বর্ষসেরা ভারতীয়' অনুষ্ঠানে, 'অসাধারণ কৃতিত্ব' বিভাগে '২০২৫ সালের বর্ষসেরা ভারতীয়'র পুরস্কার পেলেন আইসিসি'র চেয়ারম্যান জয় শাহ। ক্রিকেট প্রশাসনে তাঁর রূপান্তরমূলক নেতৃত্ব, যুগান্তকারী সংস্কার আর মহিলা ক্রিকেটের উত্থানে তাঁর গুরুত্বপূর্ণ ভূমিকার স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি।


২০২৫ সালে ৫৬ তম 'আন্তর্জাতিক ভারতীয় চলচ্চিত্র উৎসব'এর শেষ দিনে 'জীবনকৃতি সম্মান' পেলেন কিংবদন্তি অভিনেতা রজনীকান্ত। ভারতীয় চলচ্চিত্রে ৫০ বছর পূর্ণ করার জন্য এই সম্মান পেলেন তিনি।

❑ ভারতীয় নৌবাহিনীর কাছে 'আইএনএস তারাগিরি' হস্তান্তর করল মুম্বইয়ের 'মাজাগন ডক শিপবিল্ডিং লিমিটেড'। ব্রহ্মস মিসাইল উৎক্ষেপণে সক্ষম, এই যুদ্ধজাহাজকে বলা হচ্ছে ভাসমান দুর্গ। প্রায় ৭৫% দেশীয় সরঞ্জাম ব্যবহার করে তৈরি, এই জাহাজটিতে রয়েছে বহু উন্নতমানের অস্ত্র ও আধুনিক প্রযুক্তি। সঙ্গে থাকছে ব্রহ্মস মিসাইল। এছাড়াও, এই যুদ্ধজাহাজে থাকছে স্টিলথ মিসাইল ছোঁড়ার ব্যবস্থা, অ্যান্টি এয়ার, অ্যান্টি সারফেস ও অ্যান্টি সাবমেরিন। ফলে ভারতীয় জলসীমায় শত্রু দমনে এটি হয়ে উঠবে মারাত্মক অস্ত্র।

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

❑ আধার কার্ডকে আর জন্ম প্রমাণপত্র হিসাবে হিসাবে বিবেচনা করা হবে না বলে জানিয়ে দিল মহারাষ্ট্র ও উত্তর প্রদেশ। এছাড়াও, আধার কার্ড দেখিয়ে আর জন্ম শংসাপত্র ইস্যু করা হবে না। অর্থাৎ, যাদের জন্ম শংসাপত্র নেই, তারা অনেক পরে আধার কার্ড দেখিয়ে পুরসভা থেকে জন্ম শংসাপত্র পেলেও, সেটি আর বৈধ নয়।

❑ একদিনে সবথেকে বড় কেরিয়ার অ্যাডভাইজ সেশন পরিচালনা করে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল 'ইনস্টিটিউট অফ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া'। এদিন, মুম্বইয়ে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে ৭,৪০০ জনেরও বেশি শিক্ষার্থী, শিক্ষক ও অধ্যক্ষ অংশ নিয়েছিলেন, যার মধ্যে ৬,১৬৬ জন শিক্ষার্থীকে আনুষ্ঠানিকভাবে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডের মানদণ্ডে গণনা করা হয়েছিল।

❑ ২০২৫ সালে অস্ট্রেলিয়ার 'লোই ইনস্টিটিউট'এর তরফ থেকে প্রকাশিত 'এশিয়া পাওয়ার ইনডেক্স'এ তৃতীয় স্থান পেল ভারত। প্রথম ও দ্বিতীয় স্থানে আছে যথাক্রমে মার্কিন যুক্তরাষ্ট্র ও চিন।

❑ ২০২৫ সালে লন্ডনে, 'দ্য স্পিরিটস বিজনেস অ্যাওয়ার্ডস'এ 'বর্ষসেরা রাম ব্র্যান্ড' হিসাবে মনোনীত হল 'ক্যামিকারা'। প্রথম ভারতীয় রাম ব্র্যান্ড হিসাবে এই বিশ্বব্যাপী খেতাব-জিতল তারা। মূলত ক্যারিবিয়ান ও লাতিন আমেরিকার ব্র্যান্ডগুলি ঐতিহ্যগতভাবে এই বিভাগে প্রাধান্য পায়। ক্যামিকারা 'পিকাডিলি অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড'এর মাধ্যমে উৎপাদিত হয় আর এটি ভারতের প্রথম খাঁটি আখের রসে তৈরি রাম।

**২৯ নভেম্বর :** সিআরপিএফ'এর ইনস্পেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন রেখা লোহানি।

❑ মণিপুরের ইম্ফল উপত্যকায় ৩৭,০০০ বছরের পুরনো বাঁশের জীবাশ্মের খোঁজ পাওয়া গেল। ফিল্ড সার্ভের সময় কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের অধীন, 'বীরবল সাহনি ইনস্টিটিউশন অফ পেলিওসায়েন্সেস'এর গবেষক দল এই জীবাশ্মের খোঁজ পেয়েছেন। ইম্ফল পশ্চিম জেলার সেনজাম-চিরাং গ্রামে চিরাং নদীতে পলিঢাকা অবস্থায় এই জীবাশ্ম পাওয়া গেছে। এতে রয়েছে কাঁটার দাগ। অর্থাৎ, এটি কাঁটাযুক্ত বাঁশের জীবাশ্ম। গবেষকদের মতে, এটি এশিয়ায় কাঁটাযুক্ত বাঁশের জীবাশ্মের প্রথম প্রমাণ। তাঁদের মতে, বাঁশের এই জীবাশ্ম তুষার যুগের। ওইসময় তৃণভোজী প্রাণীদের দাপট ছিল। সেই পরিস্থিতিতেও ওই প্রজাতির বাঁশ নিজেকে টিকিয়ে রেখেছিল। মনে করা হচ্ছে, ওই কাঁটাযুক্ত অংশই তৃণভোজী প্রাণীদের থেকে প্রতিরক্ষা হিসাবে কাজ করেছে।

**৩০ নভেম্বর :** 'বিশ্বব্যাঙ্ক গ্রুপ'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ নলেজ অফিসার হিসাবে নিযুক্ত হলেন পাসচাল ডোনোহো।

❑ জাপানি জুটি মাই তানাবে ও কাহো ওসাওয়া'কে ১৭-২১, ২১-১৩ ও ২১-১৫ ব্যবধানে হারিয়ে, 'সৈয়দ মোদী আন্তর্জাতিক ব্যাডমিন্টন টুর্নামেন্ট'এ মহিলাদের ডাবলসে চ্যাম্পিয়ন হলেন ভারতীয় জুটি গায়ত্রী গোপীচাঁদ ও তৃষা জলি।

❑ কলম্বিয়াকে ৮-৫ ব্যবধানে হারিয়ে, ১৫ তম 'মণিপুর পোলো আন্তর্জাতিক টুর্নামেন্ট' জিতল ভারত (বি) মণিপুর।

**১ ডিসেম্বর :** 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক'এর এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন উষা জানকীরামন।

❑ পশ্চিমবঙ্গের নতুন লোকায়ুক্ত হিসাবে নিযুক্ত হলেন 'কলকাতা হাই কোর্ট'এর অবসরপ্রাপ্ত বিচারপতি রবীন্দ্রনাথ সামন্ত।

❑ উত্তরবঙ্গের মুকুটে যুক্ত হল এক নতুন পালক। আনুষ্ঠানিকভাবে ভারতের জিআই ট্যাগ পেল দার্জিলিংয়ের 'ম্যান্ডারিন কমলা'। এই ম্যান্ডারিন কমলা পাহাড়ে 'সুনতালে' নামে পরিচিত। ম্যান্ডারিন হল রাজ্যের ১১তম কৃষিজাত দ্রব্য, যা জিআই ট্যাগ পেল। দেশের পাশাপাশি বিদেশেও এই শীতকালীন ফলের চাহিদা রয়েছে। এর বিশেষ স্বাদ, রস ও সুগন্ধ শুধুমাত্র দার্জিলিংয়ের মাটি ও আবহাওয়াতেই সম্ভব।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

**বিশেষ বিজ্ঞপ্তি**

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

www.skillbangla.in

## বিমানবাহিনীতে অগ্নিবীর বায়ু

১ পাতার পর

৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা দরকার। ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সব ক্ষেত্রে দৃষ্টিশক্তি হতে হবে প্রতি চোখে ৬/ ১২যা প্রতি চোখে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। ৬ মিটার দূর থেকে ফিসফিস শব্দ শোনায় দক্ষতা থাকতে হবে। এছাড়া ভালো দাঁতের পাটি ও ত্রুটিহীন স্বাস্থ্য থাকা দরকার। ফিটের অসুখ, সাইকিয়াট্রিক যন্ত্রণা থাকলে আবেদন করবেন না। মোট ৪ বছরের চাকরি। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন।

প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয়বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়কর ছাড় যোগ্য। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন পরীক্ষা হবে। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের ২০ নম্বরের প্রশ্ন হবে। এইসব বিষয়ে : জেনারেল ইংলিশ -১০ নম্বর, জেনারেল নলেজ -১০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রতিটি পেপারে যাঁরা কোয়ালিফাইং মার্কস পাবেন, তাঁদের সেদিন বা, তার পরের দিনই শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে সাড়ে ৬ মিনিটে ১.৬ কি.মি. দৌড়, ১০ বার পুশ আপ, ১০ বার সিট আপ ও ২০ বার স্কোয়াটস। ওইদিন খেলার সরঞ্জাম আর এইচ.বি. পেন্সিল, ইরেজার, সার্পনার, আঠা, স্টেপলার, কালো বা, নীল কালির বল পয়েন্ট পেন নিয়ে যাবেন। সফল হলে স্ট্রিম সিউটিবিলিটি টেস্ট। লিখিত পরীক্ষা দিতে যাওয়ার দিন কান ও দাঁত পরিষ্কার করে যাবেন। মোট ২৩ দিনের পরীক্ষা দেওয়ার মানসিকতা নিয়ে যাবেন। থাকার ব্যবস্থা প্রার্থীরই। এরপর হবে ডাক্তারি পরীক্ষা।

সব পরীক্ষায় পাওয়া নম্বর দেখে সর্বভারতীয় ভিত্তিতে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে এয়ারমেন সিলেকশন সেন্টারে। এছাড়াও জেলা শাসকের অফিসে ও এই ওয়েবসাইটে সফলদের তালিকা পাবেন : www.indianairforce.nic.in

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : https://agnipathvayu.cdac.in

তখন সঙ্গে দেবেন : (ক) এখনকার তোলা এক কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০ থেকে ৫০ কেবির মধ্যে) (ফটো তোলার সময় বুকের কাছে কালো স্লেটে নাম ও জন্ম-তারিখ লিখে তবেই তুলবেন), (খ) মাধ্যমিকের মার্কশীট ও সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (গ) ১৮ বছরের নিচে বয়স হলে কনসেন্ট ফর্ম পূরণ করে দেবেন। পূরণ-করা দরখাস্ত পৌঁছনো চাই ২৩ ফেব্রুয়ারির মধ্যে। যিনি যে কেন্দ্রে দরখাস্ত করতে চান সেই ঠিকানায় দরখাস্ত পাঠাবেন।

কলকাতা কেন্দ্রে হাউসকীপিং পদে পরীক্ষা দিলে পাঠাবেন এই ঠিকানায় : Air Force Camp, Ballygunge, Opp. David Hare Training College, Circular Road, Kolkata (WB)-700019.

ব্যারাকপুর কেন্দ্রে হসপিটালিটি ও হাউসকীপিং পদে পরীক্ষা দিলে পাঠাবেন এই ঠিকানায় : The Station Commander, Air Force Station, Barrackpore, Palta Gate, PO-Bengal Enamel, Dist-24 Pgs (N), W.B-743 122.

হাসিমারা কেন্দ্রে হসপিটালিটি ও হাউসকীপিং পদে পরীক্ষা দিলে পাঠাবেন এই ঠিকানায় : The Air Officer Commanding, Air Force Station Hasimara, Dist. - Alipurduar, W.B-735 215.

গুয়াহাটি কেন্দ্রে হসপিটালিটি ও হাউসকীপিং পদে পরীক্ষা দিলে পাঠাবেন এই ঠিকানায় : The Air Officer Commanding, Air Force Station Borjhar, Guwahati, PO-Azara, Dist. Kamrup, Assam - 781 015.

বাগডোগরা কেন্দ্রে হসপিটালিটি ও হাউসকীপিং পদে পরীক্ষা দিলে পাঠাবেন এই ঠিকানায় : The Station Commander, 273, Signal Unit, Air Force Station, Bhuttabari, Bagdogra, Dist. Darjeeling, W.B-734 421.

পানাগড় কেন্দ্রে হাউসকীপিংপদে পরীক্ষা দিলে পাঠাবেন এই ঠিকানায় : The Air Officer Commanding, Air Force Station, Arjan Singh, Panagarh, W.B-713 155.

সালুয়া কেন্দ্রে হসপিটালিটি ও হাউসকীপিং পদে পরীক্ষা দিলে পাঠাবেন এই ঠিকানায় : The Station Commander, Air Force Station, Salua, Kharagpur, Dist-Medinapore (West), W.B-721 145.

শিলং পিক কেন্দ্রে হসপিটালিটি ও হাউসকীপিং পদে পরীক্ষা দিলে পাঠাবেন এই ঠিকানায় : The Station Commander, Air Force Station, Laitkor Peak, East Khasi Hills, Shillong Peak, Meghalaya, Pin-793 010.

কার্শিয়াং কেন্দ্রে হসপিটালিটি ও হাউসকীপিং পদে পরীক্ষা দিলে পাঠাবেন এই ঠিকানায় : The Station Commander, Air Force Station, Kurseong, PO-Bagora, Via-Tung, Dist. Darjeeling, Pin-734224.

## MBBS, BDS ও নার্সিং কোর্সে

১ পাতার পর

কোর্সে ভরতির 'ন্যাশনাল এলিজিবিলিটি কাম এন্ট্রান্স টেস্ট (ইউ.জি.) (NEET-UG -2026) পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। পরীক্ষা নেবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি'। কারা কোন বিষয়ে আবেদন করতে পারবেন: ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি (বটানি ও প্রাণীবিদ্যা), ইংরিজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বায়োটেকনোলজি বিষয় মিলিয়ে মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি. হলে ৪০%) নম্বর পেয়ে থাকলে আর ইংরিজিতে অন্তত পাশ নম্বর পেয়ে থাকলে এই কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। ২০২৬ সালে যাঁরা ওইসব বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পরীক্ষা দেবেন, তাঁরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১৭ থেকে ২৫ বছরের মধ্যে।

কোন কলেজে কোন-কোন বিষয়ে ডিগ্রি কোর্স পড়ানো হয় ও সীট ক'টি তা বিস্তারিতভাবে ইনফর্মেশন বুকলেট থেকে জানতে পারবেন।

প্রার্থী বাছাই হবে ২০২৬ সালের 'National Eligibility Cum Entrance Test (NEET-UG)'র মাধ্যমে। পরীক্ষা নেবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি'। পরীক্ষা হবে ৩ মে, বেলা ২টা থেকে ৫টা পর্যন্ত। ৩ ঘন্টার পরীক্ষায় ১৮০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি (বটানি ও জুলজি) বিষয়ে। ফিজিক্স ও কেমিস্ট্রি বিষয়ে ৪৫টি করে প্রশ্ন থাকবে। প্রতিটিতে থাকবে ১৮০ নম্বর। বায়োলজি (বটানি ও জুলজি) বিষয়ে থাকবে ৯০টি প্রশ্ন ও ৩৬০ নম্বর।

প্রশ্ন হবে বাংলা, ইংরিজি, হিন্দি, আসামীজ-সহ ১৩টি ভাষায়। পরীক্ষা হবে কলকাতা, আগরতলা, পটনা, তেজপুর, শিলচর, গুয়াহাটি, ইটানগর, ডিব্রুগড়, রাঁচি, ইম্ফল, শিলং, আইজল, বোকারো, জামশেদপুর, ভুবনেশ্বর, কটক, বেরহামপুর। কল লেটার ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। দরখাস্ত করবেন অনলাইনে, ৮ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ntaneet.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (১০ থেকে ১০০ কেবি'র মধ্যে) আর সিগনেচার (৩ থেকে ২০ কেবি'র মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ১,৭০০ (ই.ডব্লু.এস., ও.বি.সি. হলে ১,৬০০, তপশিলী, ট্রান্সজেন্ডার, প্রতিবন্ধী হলে ১,০০০) টাকা নেট ব্যাঙ্কিংয়ে, ইউ.পি.আই., ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে কিংবা ই-ওয়ালেটে জমা দেবেন ৮ মার্চের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ফর্ম এডিট করতে পারবেন ১০-১২মার্চ। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।




Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com